# BANK JOB বাংলা ভাষা ও সাহিত্য

Your Success Benchmark

## লেকচার ০২

## Lecture Contents

- ণ-ত্ব বিধান এবং ষ-ত্ব বিধান
- সন্ধি
- বানান ও বাক্য শুদ্ধি
- প্রয়োগ ও অপপ্রয়োগ

## ণ-ত্ব বিধান এবং ষ-ত্ব বিধান

### ণ-ত্ব বিধান

যে বিধি অনুসারে তৎসম শব্দে 'ণ' এর ব্যবহার হয় এবং অতৎসম শব্দে 'ণ' এর ব্যবহার না হয়ে 'ন' এর ব্যবহার হয়, তাকে ণ-ত্ব বিধি বা ণ-ত্ব বিধান বলে।

✪ তৎসম শব্দে সংস্কৃত ব্যাকরণের নিয়ম অনুযায়ী কয়েকটি নির্দিষ্ট স্থানে দন্ত্য-ন এর পরিবর্তে মূর্ধন্য-ণ ব্যবহৃত হয়।

**✪ নিম্নে মূর্ধন্য-ণ ব্যবহারের কিছু নিয়ম প্রদত্ত হল:**

১। ঋ, র, ষ, ক্ষ এর পরে দন্ত-ন থাকলে তা মূর্ধণ্য' হয়।
যেমন- তৃণ, মৃণাল, চূর্ণ, স্বর্ণ, দূষণ, ভীষণ, ক্ষীণ, ক্ষণিক।

২। ট–বর্গীয় ধ্বনির (ট, ঠ, ড, ঢ, ণ) আগে দন্ত্য-ন ব্যবহৃত হয়ে যুক্ত ব্যঞ্জন গঠিত হলে সব সময় দন্ত্য-ন মূর্ধন্য-ণ হয়।
যেমন– বণ্টিত, অকুণ্ঠিত, ভুলুণ্ঠিত, ঘণ্টা, উৎকণ্ঠা।

৩। প্র, পরা, পরি, নির – এ চারটি উপসর্গের পর দন্ত্য–ন মূর্ধন্য-ণ হয়। যেমন– প্রণয়, প্রণত, প্রণীত, প্রবণ, প্রবীণ, পরিণত, পরিণতি, নির্ণয়, নির্বাণ। আবার অপর, পরা, পূর্ব, প্র এই কয়টি পূর্বপদের পর অহ্ন যুক্ত হলে দন্ত্য ন এর জায়গায় মূর্ধন্য-ণ হয়। যেমন– পূর্ব + অহ্ন = পূর্বাহ্ণ, অপর + অহ্ন = অপরাহ্ণ, পরা + অহ্ন = পরাহ্ণ।

৪। ঋ, র, ষ এর পরে যদি স্বরবর্ণ, ক-বর্গ (ক, খ, গ, ঘ, ঙ), প-বর্গ (প, ফ, ব, ভ, ম) এবং (য় ব হ ং) বর্ণ গুলোর এক বা একাধিক বর্ণ থাকলে তার পরের দন্ত্য-ন মূর্ধন্য-ণ হয়।
যেমন– গ্রামীণ, কৃপণ, অর্পণ, চর্বণ, গ্রহণ, দ্রবণ, রামায়ণ, ব্রাহ্মণ।

**ণ-ত্ব বিধান প্রযোজ্য নয়**

৫। বিদেশি শব্দে ণ-ত্ব বিধান প্রযোজ্য নয়। যেমন– ইরান, কোরআন, ট্রেন, জার্মান, গ্রিন, ওয়েস্টার্ন, লন্ডন, সিমেন্ট, পেপসোডেন্ট, প্রিন্ট।

৬। বাংলা ক্রিয়াবাচক শব্দে মূর্ধন্য ণ হয় না। যেমন - সরেন, মরেন, মারেন, ধরেন, করেন।

৭। সমাসবদ্ধ শব্দে দ্বিতীয় পদের 'ন' অপরিবর্তিত থাকে।
যেমন– সর্বনাম, রঘুনন্দন, বরানুগমন, দুর্নাম, দুর্নীতি, দুর্নিমিত্তি।

৮। সমাস সত্ত্বেও কতক পদের ন' - ণ' হয়। যথা– অগ্রণী, উত্তরায়ণ, নারায়ণ, পূর্বাহ্ণ, অগ্রহায়ণ।

**কতগুলো শব্দে স্বভাবতই মূর্ধন্য-ণ হয়**

চাণক্য মাণিক্য গণ বাণিজ্য লবণ মণ
বেণু বীণা কঙ্কণ কণিকা।
কল্যাণ শোণিত মণি স্থাণু গুণ পুণ্য বেণী
ফণী অণু বিপণি গণিকা।
আপণ লাবণ্য বাণী নিপুণ ভণিতা পাণি
গৌণ কোণ ভাণ পণ শাণ
চিক্কণ নিক্কণ তূণ কফোণি বণিক গুণ
গণনা পিণাক পণ্য বাণ।

### ষ-ত্ব বিধান

বাংলা ভাষায় সাধারণত মূর্ধন্য-ষ ধ্বনির ব্যবহার নেই। কেবল কিছু তৎসম শব্দে 'ষ' এর ব্যবহার রয়েছে। সুতরাং ব্যাকরণের নিয়ম অনুযায়ী তৎসম শব্দের বানানে দন্ত্য-স কে মূর্ধন্য-ষ তে রূপান্তরিত করার নাম ষ-ত্ব বিধান। যেমন- মুমূর্ষু, অভিষেক, সুষম, বিষণ্ণ।

**✪ নিম্নে মূর্ধন্য-ষ ব্যবহারের কিছু নিয়ম প্রদত্ত হল:**

১। **অ, আ ছাড়া অন্যান্য স্বরবর্ণের (ই-ি, ঈ-ী, উ-ু, ঊ-ূ, এ-ে, ঐ-ৈ, ও-ো, ঔ-ৌ) পরে এবং ক ও র এর পরে বহু ক্ষেত্রে ষ হয়ে থাকে।** যেমন– পরিষ্কার, আবিষ্কার, ভীষণ, ঈষৎ, রুষ্ট, সুষম, তুষার, পূষণ, দূষণ, উষর, মেষ, ঐষিক, হিতৈষী, পোষণ, শোষণ, ঔষধি, পৌষ।

২। **'ঋ' ও 'র' এর পরে মূর্ধন্য-ষ হবে।**
যেমন– বৃষ্টি, দৃষ্টি, কৃষ্টি, সৃষ্টি, বর্ষ, বর্ষা, বর্ষণ, ধর্ষণ, কৃষক, তৃষ্ণা, হর্ষ, মুমূর্ষু, আকর্ষণ ইত্যাদি।

৩। **যুক্তাক্ষরে যদি দন্ত্য–'স 'এর পরে ট/ঠ থাকে তবে দন্ত্য–'স' এর স্থলে মূর্ধন্য-ষ হবে।**
যেমন = দুষ্ট, কষ্ট, ইষ্ট, তুষ্ট, বিশিষ্ট, অনিষ্ট, রাষ্ট্র, কনিষ্ঠ, ভূমিষ্ঠ, অনুষ্ঠান, পৃষ্ঠ ইত্যাদি।

৪। **বাংলা ভাষায় দেশি-বিদেশি মোট পঞ্চাশটির ও বেশি উপসর্গ আছে। এসব উপসর্গের মধ্যে ই–কারান্ত এবং উ–কারান্ত উপসর্গের পরে মূর্ধন্য–ষ হবে।**
যেমন– অভি + সেক > অভিষেক, সু+সুপ্ত > সুষুপ্ত, প্রতি+সেধক > প্রতিষেধক, বি+সম > বিষম, সু+সম > সুষম ইত্যাদি।

## ষ-ত্ব বিধান প্রযোজ্য নয়

৫। **'সাৎ' প্রত্যয় যুক্ত সংস্কৃত শব্দে মূর্ধন্য-ষ না হয়ে দন্ত্য-স হবে।** যেমন- অগ্নিসাৎ, ধূলিসাৎ, ভূমিসাৎ।

৬। **বিদেশি ও অন্যান্য অতৎসম শব্দের বানানে ষ-ত্ব বিধি প্রযোজ্য নয়।**
যেমন- স্টোর, স্টার, ডাস্টার, পোস্টার, মিস্টার, স্টিকার, ব্যারিস্টার, টুস্টার, পোস্টমাস্টার, সিস্টার, স্টেশন, স্ট্যান্ট, মাস্টার, ফটোস্ট্যাট, রেস্টুরেন্ট, ইস্টার্ন ইত্যাদি।

৭। **বাংলা ক্রিয়ায় ষ-ত্ব বিধি প্রযোজ্য নয়- যাস, খাস, হাস, করিস ইত্যাদি।**

৮। **কতক শব্দে স্বভাবতই মূর্ধন্য-ষ হয়।** যেমন–

আষাঢ় শেষ ঈষৎ মেষ
ভাষা কলুষ মানুষ।
ষোড়শ কোষ পৌষ রোষ
ষট্ পুরুষ পাষণ্ড ষণ্ড প্রত্যূষ।
আভাষ ভাষণ অভিলাষ পোষণ
ঊষর তোষণ ঊষা শোষণ্।
ঔষধ বিষাণ ষড়যন্ত্র পাষাণ
বিশেষ ভূষণ সরিষা দূষণ।

## এক কথায় প্রশ্নোত্তর

১. **ণ-ত্ব বিধি সাধারণত কোন শব্দে প্রযোজ্য–** তৎসম।
২. **'ণ' ত্ব ও 'ষ'ত্ব বিধান কোন শ্রেণির শব্দ থেকে অনুসৃত হয়–** তৎসম।
৩. **কোন জাতীয় শব্দে 'ষ' এবং 'ণ' ব্যবহার হয় না–** বিদেশি/তদ্ভব।
৪. **ণত্ব ও ষত্ব বিধান ব্যাকরণের কোন অংশে আলোচিত হয়–** ধ্বনিতত্ত্বে।



## Teacher's Work

১. **নিচের কোন শব্দ ণত্ব বিধি অনুসারে 'ণ' এর ব্যবহার হয়েছে?** [Combined 9 Bank Senior Officer (General)-2023]
a. বিপণি b. নিক্কন
c. প্রবণ d. কল্যাণ **উঃ c**

২. **কোন জাতীয় শব্দে 'ষ' এর ব্যবহার হয় না?** [Bangladesh Bank (AD): 28-10-2022]
a) তৎসম b) তদ্ভব
c) বিদেশী d) সংস্কৃত উঃ c

৩. **নিত্য মূর্ধণ্য-ষ কোন শব্দে বর্তমান?** [Probashi Kallayan Bank (Senior Officer)- 2021]
a) কষ্ট b) উপনিষৎ
c) কণ্যাণীয়েষু d) আষাঢ় উঃ d

৪. **স্বভাবতই 'ষ' হয়েছে নিচের কোন শব্দে?** [Janata Bank Officer (Cash)- 2020]
a) মহর্ষি b) মুমূর্ষু
c) আষাঢ় d) বৃষ্টি উঃ c

## সন্ধি

**প্রাথমিক আলোচনা :** সন্নিহিত দুটো ধ্বনির মিলনের নাম সন্ধি। যেমন- আশা + অতীত = আশাতীত। হিম + আলয় = হিমালয়। প্রথমটিতে আ + অ = আ ( া ) এবং দ্বিতীয়টিতে অ + আ = আ ( া ) হয়েছে।

**সন্ধির উদ্দেশ্য :**
১. সন্ধির উদ্দেশ্য স্বাভাবিক উচ্চারণে সহজপ্রবণতা এবং
২. ধ্বনিগত মাধুর্য সম্পাদন।

**যে সকল ক্ষেত্রে সন্ধি অবশ্য কর্তব্য :**
১. সমাসবদ্ধ পদে সন্ধি অবশ্য কর্তব্য।
২. সংস্কৃত প্রকৃতি-প্রত্যয় স্থলে সন্ধি অবশ্য কর্তব্য।
৩. ধাতুর সাথে উপসর্গ যোগ হলে সন্ধি অবশ্য কর্তব্য।

### সন্ধির প্রকার



## স্বরসন্ধি

**স্বরসন্ধি :** স্বরধ্বনির সঙ্গে স্বরধ্বনির মিলনের নাম স্বরসন্ধি ।

**১. অ-কার কিংবা আ-কারের পর অ-কার কিংবা আ-কার থাকলে উভয়ে মিলে আ-কার হয়, আ-কার পূর্ববর্তী ব্যঞ্জনের সঙ্গে যুক্ত হয়।**

**যেমন:**
**অ + অ =** আ, নর + অধম = নরাধম ।
এরূপ- হিমাচল, প্রাণাধিক, হস্তান্তর, হিতাহিত ইত্যাদি ।
**অ + আ =** আ, হিম + আলয় = হিমালয় ।
এরূপ- দেবালয়, রত্নাকর, সিংহাসন ইত্যাদি ।
**আ + অ =** আ, যথা + অর্থ = যথার্থ ।
এরূপ- আশাতীত, কথামৃত, মহার্ঘ্য ইত্যাদি ।
**আ + আ =** আ, বিদ্যা + আলয় = বিদ্যালয় ।
এরূপ- কারাগার, মহাশয়, সদানন্দ ইত্যাদি ।

**২. অ- কার কিংবা আ- কারের পর ই- কার কিংবা ঈ- কার থাকলে উভয় মিলে এ-কার হয়: এ- কার পূর্ববর্তী ব্যঞ্জনের সঙ্গে যুক্ত হয়।**

**যেমন-**
অ + ই = এ, শুভ + ইচ্ছা = শুভেচ্ছা
আ + ই = এ, যথা + ইষ্ট = যথেষ্ট
অ + ঈ = এ, পরম + ঈশ = পরমেশ
আ + ঈ = এ, মহা + ঈশ = মহেশ ।
এ রূপ - পূর্ণেন্দু, শ্রবণেন্দ্রিয়, স্বেচ্ছা, নরেশ, রমেশ, নরেন্দ্র ইত্যাদি ।

**৩. অ-কার কিংবা আ-কারের পর উ-কার কিংবা ঊ-কার থাকলে উভয়ে মিলে ও-কার হয়; ও- কার পূর্ববর্তী ব্যঞ্জনে যুক্ত হয়।**

**যেমন-**
অ + উ = ও সূর্য + উদয় = সূর্যোদয় ।
আ + উ = ও যথা + উচিত = যথোচিত ।
অ + ঊ = ও গৃহ + ঊর্ধ্ব = গৃহোর্ধ্ব ।
আ + ঊ = ও গঙ্গা + ঊর্মি = গঙ্গোর্মি ।
এ রূপ - নীলোৎপল, চলোর্মি, মহোৎসব, নবোঢ়া, ফলোদয়, যথোপযুক্ত, হিতোপদেশ, পরোপকার, প্রশ্নোত্তর ইত্যাদি ।

**৪. অ- কার কিংবা আ-কারের পর ঋ- কার থাকলে উভয়ে মিলে 'অর্' হয় এবং তা রেফ (র্) রূপে পরবর্তী বর্ণের সাথে লেখা হয়।**

**যেমন-**
অ + ঋ = অর্ দেব + ঋষি = দেবর্ষি ।
আ + ঋ = অর্ মহা + ঋষি = মহর্ষি ।
এ রূপ - অধমর্ণ, উত্তমর্ণ, সপ্তর্ষি, রাজর্ষি ইত্যাদি ।

**৫. অ- কার কিংবা আ- কারের পর 'ঋত' - শব্দ থাকলে অ/আ+ঋ উভয় মিলে 'আর্' হয় এবং বানানে পূর্ববর্তী বর্ণে আ ও পরবর্তী বর্ণে রেফ লেখা হয়।**

**যেমন-**
অ + ঋ = আর শীত + ঋত = শীতার্ত ।
আ + ঋ = আর তৃষ্ণা + ঋত = তৃষ্ণার্ত ।
এ রূপ - ভয়ার্ত, ক্ষুধার্ত ইত্যাদি ।

**৬. অ-কার কিংবা আ-কারের পর এ- কার কিংবা ঐ-কার থাকলে উভয়ে মিলে ঐ-কার হয়; ঐ-কার পূর্ববর্তী ব্যঞ্জনের সাথে যুক্ত হয়।**

**যেমন-**
অ + এ = ঐ, জন + এক = জনৈক ।
আ + এ = ঐ, সদা + এব = সদৈব ।
অ + ঐ = ঐ, মত + ঐক্য = মতৈক্য ।
আ + ঐ = ঐ, মহা + ঐশ্বর্য = মহৈশ্বর্য ।
এ রূপ - হিতৈষী, সর্বৈব, অতুলৈশ্বর্য ইত্যাদি ।

**৭. অ-কার কিংবা আ-কারের পর ও -কার কিংবা ঔ- কার থাকলে উভয়ে মিলে ঔ-কার হয়; ঔ-কার পূর্ববর্তী ব্যঞ্জনের সাথে যুক্ত হয়।**

**যেমন-**
অ + ও = ঔ বন + ওষধি = বনৌষধি ।
অ + ও = ঔ মহা + ওষধি = মহৌষধি ।
অ + ও = ঔ পরম + ঔষধ = পরমৌষধ ।
অ + ও = ঔ মহা + ঔষধ = মহৌষধ ।

**৮. ই- কার কিংবা ঈ-কারের পর ই- কার কিংবা ঈ- কার থাকলে উভয়ে মিলে দীর্ঘ ঈ- কার হয়। দীর্ঘ ঈ- কার পূর্ববর্তী ব্যঞ্জনের সাথে যুক্ত হয়।**

**যেমন-**
ই + ই = ঈ অতি + ইত = অতীত ।
ই + ঈ = ঈ পরি + ঈক্ষা = পরীক্ষা ।
ই + ঈ = ঈ সতী + ইন্দ্র = সতীন্দ্র ।
ই + ঈ = ঈ সতী + ঈশ = সতীশ ।

**৯. ই- কার কিংবা ঈ- কারের পর ই ও ঈ ভিন্ন অন্য স্বর থাকলে শুধুমাত্র ই বা ঈ এর পরিবর্তে 'য্' হয়। য- ফলা লেখার সময় পূর্ববর্তী ব্যঞ্জনের সাথে লেখা হয়। এ ক্ষেত্রে পরবর্তী ভিন্নস্বরগুলো অপরিবর্তিত থাকে।**

**যেমন-**
ই + অ = য্ +অ অতি + অন্ত = অত্যন্ত ।
ই + আ = য্ + আ ইতি + আদি = ইত্যাদি ।
ই + উ = য্ + উ অতি + উক্তি = অত্যুক্তি ।
ই + ঊ = য্ + ঊ প্রতি + ঊষ = প্রত্যূষ ।
ঈ + আ = য্ + আ মসী + আধার = মস্যাধার ।
ই + এ = য্ + এ প্রতি + এক = প্রত্যেক ।
ঈ + অ = য্ + অ নদী + অম্বু = নদ্যম্বু ।
এ রূপ- প্রত্যহ, অত্যধিক, গত্যন্তর, প্রত্যাশা, প্রত্যাবর্তন, আদ্যন্ত, যদ্যপি, পর্যন্ত, অভ্যুত্থান, অগ্ন্যুৎপাত, অত্যাশ্চর্য, প্রত্যুপকার ইত্যাদি ।

**১০. উ- কার কিংবা ঊ- কারের পর উ- কার কিংবা ঊ-কার থাকলে উভয়ে মিলে ঊ- কার হয়; ঊ- কার পূর্ববর্তী ব্যঞ্জন ধ্বনির সাথে যুক্ত হয়।**

**যেমন-**
উ + উ = ঊ মরু + উদ্যান = মরূদ্যান ।
উ + ঊ = ঊ বহু + ঊর্ধ্ব = বহূর্ধ্ব ।
ঊ + উ = ঊ বধূ + উৎসব = বধূৎসব ।
ঊ + ঊ = ঊ ভূ + ঊর্ধ্ব = ভূর্ধ্ব ।

**১১. উ- কার কিংবা ঊ- কারের পর উ/ঊ-কার ভিন্ন অন্য স্বর থাকলে শুধুমাত্র উ বা ঊ এর পরিবর্তে 'ব্' হয় এবং লেখার সময় ব-ফলা পূর্ববর্তী বর্ণের সাথে লেখা হয়। এ ক্ষেত্রে পরবর্তী ভিন্ন স্বরগুলো অপরিবর্তিত থাকে।**

**যেমন-**
উ + অ = ব্ + অ সু + অল্প = স্বল্প ।
উ + আ = ব্ + আ সু + আগত = স্বাগত ।
উ + ই = ব্ + ই অনু + ইত = অন্বিত ।
উ + ঈ = ব্ + ঈ তনু + ঈ = তন্বী ।
উ + এ = ব্ + এ অনু + এষণ = অন্বেষণ ।
এ রূপ - পশ্বাচার, অন্বয়, মন্বন্তর ইত্যাদি ।

**১২. ঋ- কারের পর ঋ ভিন্ন অন্য স্বর থাকলে 'ঋ' স্থানে 'র্' হয় [র- ফলা পূর্ববর্তী ব্যঞ্জনের সঙ্গে যুক্ত] হয়।**

যেমন- পিতৃ + আলয় = পিত্রালয়, পিতৃ + আদেশ = পিত্রাদেশ।

**১৩. এ, ঐ, ও, ঔ- কারের পর ভিন্নস্বর থাকলে এ, ঐ স্থানে যথাক্রমে অয়্, আয়্ এবং ও, ঔ স্থানে যথাক্রমে অব্ ও আব্ হয়।**

**যেমন-**

| | | |
|---|---|---|
| এ+অ = অয়্+অ | নে + অন = নয়ন | শে+অন = শয়ন |
| ঐ+অ = আয়্+অ | নৈ+অক = নায়ক | গৈ+অক = গায়ক |
| ও+অ = অব্+অ | পো+অন = পবন | লো+অন = লবণ |
| ঔ+অ = আব্+অ | পৌ+অক = পাবক | |
| ও+আ = অব্+আ | গো+আদি = গবাদি | |
| ও+এ = অব্+এ | গো+এষণা = গবেষণা | |
| ও+ই = অব্+ই | পো+ইত্র = পবিত্র | |
| ঔ+ই = আব্+ই | নৌ+ইক = নাবিক | |
| ঔ+উ = আব্+উ | ভৌ+উক = ভাবুক | |

**১৪. কতক সন্ধি কোনো নিয়ম অনুসারে হয় না, এগুলোকে নিপাতনে সিদ্ধ বলে।**

**যেমন-**

কুল + অটা = কুলটা (কুলাটা নয়)
গো + অক্ষ = গবাক্ষ (গবক্ষ নয়)
প্র + ঊঢ় = প্রৌঢ় (প্রোঢ় নয়)
অন্য + অন্য = অন্যান্য
মার্ত + অ- = মার্তণ্ড (মার্তাণ্ড নয়)
শুদ্ধ + ওদন = শুদ্ধোদন (শুদ্ধৌদন নয়)
স্ব + ঈর = স্বৈর (স্বের নয়)
গো + ইন্দ্র = গবেন্দ্র (গবিন্দ্র নয়)
গো + ঈশ্বর = গবেশ্বর (গবীশ্বর নয়)
অক্ষ + ঊহিণী = অক্ষৌহিণী (অক্ষোহিণী নয়)
রক্ত + ওষ্ঠ = রক্তোষ্ঠ (রক্তৌষ্ঠ নয়)
সীমন + অত = সীমন্ত (সীমনান্ত নয়)
শার + অঙ্গ - শারঙ্গ (শারাঙ্গ নয়)
দশ + ঋণ = দশার্ণ (দর্শণ নয়)

## এক কথায় প্রশ্নোত্তর

১. **সন্ধি ব্যাকরণের কোন অংশে আলোচিত হয়–** ধ্বনিতত্ত্বে।
২. **সন্নিহিত দুটি ধ্বনির মিলন–** সন্ধি।
৩. **সন্ধি শব্দের অর্থ–** সংক্ষেপ করা।
৪. **সন্ধির প্রধান সুবিধা কী–** উচ্চারণের সুবিধা।
৫. **সন্ধি কি সম্পাদন করে–** ধ্বনিগত মাধুর্য।
৬. **সন্ধি প্রধানত ২ প্রকার–** বাংলা সন্ধি ও সংস্কৃত সন্ধি।
৭. **সংস্কৃত সন্ধি ৩ প্রকার–** স্বরসন্ধি, ব্যঞ্জনসন্ধি ও বিসর্গ সন্ধি।
৮. **বাংলা সন্ধি ২ প্রকার –** স্বরসন্ধি ও ব্যঞ্জনসন্ধি।
৯. **স্বরধ্বনির সাথে স্বরধ্বনির মিলনে হয়–** স্বরসন্ধি।

## Teacher's Work



১. **"দ্রবণ" শব্দটির সন্ধি বিচ্ছেদ করলে পাওয়া যায়-** [Combined 9 Bank Senior Officer (General)-2023]
a. দ্র+অন   b. দ্রো+অন
c. দ্র+ওন   d. দ্রো+বন
**নোট:** সঠিক উত্তর নেই, উত্তর হবে- দ্রু + অ (অন)।

২. **'স্বৈর' শব্দটির সন্ধি বিচ্ছেদ করলে পাওয়া যায়–** [Bangladesh Bank (AD): 28-10-2022]
a) স্বর + ইর   b) স + ঈর
c) স্বীয় + ইর   d) স্ব + ঈর   **উ:** D

৩. **কোনটি ক্ষুধার্ত শব্দের সন্ধিবিচ্ছেদ?** [Janata Bank Ltd. AE (Teller)-2019]
a) ক্ষুধা + ঋত   b) ক্ষুৎ + আর্ত
c) ক্ষুধ + আর্ত   d) ক্ষুধা + আর্ত   **উ:** a

৪. **'গবেষণা' শব্দের সঠিক সন্ধিবিচ্ছেদ কোনটি?** [Janata & Rupali Bank Ltd. Officer General-2019]
a) গো + এষণা   b) গব + এষণা
c) গো + ষণা   d) গ = বেষণা   **উ:** a

## ব্যঞ্জনসন্ধি

স্বরে + ব্যঞ্জনে, ব্যঞ্জনে + স্বরে বা ব্যঞ্জনে + ব্যঞ্জনে যে সন্ধি হয় তাকে ব্যঞ্জনসন্ধি বলে। এ দিক থেকে ব্যঞ্জন সন্ধিকে তিন ভাগে ভাগ করা যায়।
যথা- ১. ব্যঞ্জনধ্বনি + স্বরধ্বনি
২. স্বরধ্বনি + ব্যঞ্জনধ্বনি
৩. ব্যঞ্জনধ্বনি + ব্যঞ্জন ধ্বনি।

**০১. ব্যঞ্জনধ্বনি + স্বরধ্বনি**

**ক্, চ্, ট্, ত্, প্ - এর পরে স্বরধ্বনি থাকলে সেগুলো যথাক্রমে গ্, জ্, ড্, (ড়), দ্, ব্ হয়। পরবর্তী স্বরধ্বনিটি পূর্ববর্তী ব্যঞ্জনধ্বনির সঙ্গে যুক্ত হয়।**

**যেমন-**

| | |
|---|---|
| ক্ + অ = গ্ | দিক্ + অন্ত = দিগন্ত। |
| চ্ + অ = জ্ | ণিচ্ + অন্ত = ণিজন্ত। |
| ট্ + আ = ড্ | ষট্ + আনন = ষড়ানন। |
| ত্ + অ = দ্ | তৎ + অবধি = তদ্বধি। |
| প্ + অ = ব্ | সুপ্ + অন্ত = সুবন্ত। |

এরূপ- বাগীশ, তদন্ত, বাগাড়ম্বর, কৃদন্ত, সদুপায়, সদুপদেশ, জগদীন্দ্র ইত্যাদি।

**০২. স্বরধ্বনি + ব্যঞ্জনধ্বনি**

**স্বরধ্বনির পর ছ থাকলে উক্ত ব্যঞ্জনধ্বনিটি দ্বিত্ব (চ্ছ) হয়। যথা-**

অ + ছ = চ্ছ   এক + ছত্র = একচ্ছত্র ।
আ + ছ = চ্ছ   কথা + ছলে = কথাচ্ছলে ।
ই + ছ = চ্ছ   পরি + ছদ = পরিচ্ছদ ।

এরূপ- মুখচ্ছবি, বিচ্ছেদ, পরিচ্ছেদ, বিচ্ছিন্ন, অঙ্গচ্ছেদ, আলোকচ্ছটা, প্রতিচ্ছবি, প্রচ্ছদ, আচ্ছাদন, বৃক্ষচ্ছায়া, স্বচ্ছন্দে, অনুচ্ছেদ প্রভৃতি ।

**০৩. ব্যঞ্জনধ্বনি + ব্যঞ্জনধ্বনি**

**(i) ত্ ও দ্-এর পর চ্ ও ছ্ থাকলে ত্ ও দ্ স্থানে চ্ হয়। যেমন-**

ত্ + চ = চ্চ   সৎ + চিন্তা = সচ্চিন্তা ।
ত্ + ছ = চ্ছ   উৎ + ছেদ = উচ্ছেদ ।
দ্ + চ = চ্চ   বিপদ্ + চয় = বিপচ্চয় ।
দ + ছ = চ্ছ   বিপদ্ + ছায়া = বিপচ্ছায়া ।

এরূপ- উচ্চারণ, শরচ্চন্দ্র, সচ্চরিত্র, তচ্ছবি, সচ্চিদানন্দ প্রভৃতি ।

**(ii) ত্ ও দ্ - এ পর জ্ ও ঝ্ থাকলে ত্ ও দ্ - এর স্থানে জ্ হয়।**

যেমন-

ত + জ = জ্জ   সৎ + জন = সজ্জন ।
দ্ + জ = জ্জ   বিপদ + জাল = বিপজ্জাল ।
ত্ + ঝ = জ্ব   কুৎ+ঝটিকা = কুজ্ঝটিকা ।

এরূপ- উজ্জ্বল, তজ্জন্য, যাবজ্জীবন, জগজ্জীবন ইত্যাদি ।

**(iii) ত্ ও দ্ - এর পর শ থাকলে ত্ ও দ্ - এর স্থলে চ্ এবং শ্ - এর স্থলে ছ উচ্চারিত হয়।**

যেমন-

ত + শ = চ্ + ছ = চ্ছ   উৎ + শ্বাস = উচ্ছ্বাস

এরূপ- চলচ্ছক্তি, উচ্ছৃঙ্খল ইত্যাদি ।

**(iv) ত্ ও দ্- এর পর ড থাকলে ত্ ও দ্ এর স্থানে ড্ হয়। যেমন-** ত্ + ড = ড্ড   উৎ + ডীন = উড্ডীন ।

**(v) ত্ ও দ্ - এর পর হ থাকলে ত্ ও দ্ - এর স্থলে দ এবং হ-এর স্থলে ধ্ হয়।**

যেমন-

ত্ + হ = দ্ + ধ = দ্ধ   উৎ + হার = উদ্ধার
দ্ + হ = দ্ +ধ = দ্ধ   পদ্ + হতি = পদ্ধতি

এরূপ- উদ্ধৃত, উদ্ধত, তদ্ধিত ইত্যাদি ।

**(vi) ত্ ও দ্ - এর পর ল থাকলে ত্ ও দ্- এর স্থলে 'ল' হয়। যেমন-**

ত্ + ল = ল্ল   উৎ + লাস = উল্লাস

এরূপ- উল্লেখ, উল্লিখিত, উল্লেখ্য, উল্লঙ্ঘন ইত্যাদি ।

**০১. বর্গীয় প্রথম ধ্বনির পর যে কোনো বর্গের তৃতীয় বা চতুর্থ ধ্বনি কিংবা 'য' ও 'র' থাকলে বর্গের প্রথম ধ্বনিগুলো নিজস্ব বর্গের তৃতীয় রূপে উচ্চারিত হয়।**

**যথা:**

ক্ + দ = গ্ + দ   বাক্ + দান = বাগ্দান
ট্ + য = ড্ + য   ষট্ + যন্ত্র = ষড়যন্ত্র ।
ত্ + ঘ = দ্ + ঘ   উৎ + ঘাটন = উদ্ঘাটন ।
ত্ + য = দ্ +য   উৎ + যোগ = উদ্যোগ ।
ত্ + র = দ্ + র   তৎ + রূপ = তদ্রূপ ।

এ রূপ - দিগ্বিজয়, উদ্যম, উদ্গিরণ, উদ্ভব, বাগ্জাল, সদ্গুরু, বাগ্দেবী ইত্যাদি ।

**০২. ঙ, ঞ, ণ, ন, ম পরে থাকলে পূর্ববর্তী অঘোষ অল্পপ্রাণ স্পর্শধ্বনি সেই বর্গীয় ঘোষ ধ্বনি কিংবা নাসিক্য ধ্বনি হয়।**

**যথা-**

ক্ + ন = গ/ঙ + ন   দিক্ + নির্ণয় = দিগ্নির্ণয় বা দিঙ্নির্ণয় ।
ত্ + ম = দ/ন+ম   তৎ + মধ্যে = তদ্মধ্যে বা তন্মধ্যে ।

***লক্ষণীয়:*** *এরূপ ক্ষেত্রে সাধারণত নাসিক্য ব্যঞ্জনই বেশি প্রচলিত। যেমন- বাক্ + ময় = বাঙ্ময়, তৎ + ময় = তন্ময়, মৃৎ + ময় = মৃন্ময়, জগৎ + নাথ = জগন্নাথ ইত্যাদি। এ রূপ- উন্নয়ন, উন্নীত, চিন্ময় ইত্যাদি।*

**০৩. ম্ এর পর যে কোনো বর্গীয় ধ্বনি থাকলে ম্ ধ্বনিটি সেই বর্গের নাসিক্য ধ্বনি হয়।**

**যেমন-**

ম্ + ক = ঙ্ + ক   শম্ + কা = শঙ্কা ।
ম্ + চ = ঞ্ + চ   সম্ + চয় = সঞ্চয় ।
ম্ + ত = ন্ + ত   সম্+তাপ = সন্তাপ ।

এরূপ - কিঙ্কৃত, সন্দর্শন, কিন্নর,সম্মান, সন্ধান, সন্ন্যাস ইত্যাদি ।

**০৪. ম্ - এর পর অন্তঃস্থ ধ্বনি য, র, ল, ব কিংবা শ, ষ, স, হ থাকলে, ম্ স্থলে অনুস্বার (ং) হয়।**

**যেমন-**

সম্ + যম = সংযম,   সম্ +বাদ = সংবাদ,
সম্ + রক্ষণ = সংরক্ষণ,   সম্ + লাপ = সংলাপ,
সম্ + শয় = সংশয়,   সম্ + সার = সংসার,
সম্ + হার = সংহার ।

এরূপ- বারংবার, কিংবা, সংবরণ, সংযোগ, সংযোজন, সংশোধন, সর্বংসহা, স্বয়ংবরা । ব্যতিক্রম : সম্রাট (সম্ + রাট) ।

**০৫. চ্ ও জ্ - এর পরে নাসিক্য ধ্বনি তালব্য হয়।**

**যেমন-** চ্ + ন = চ + ঞ,   যাচ্ + না = যাচ্ঞা,
রাজ্ + নী = রাজ্ঞী,   জ্ + ন = জ + ঞ,
যজ্ + ন = যজ্ঞ ।

**০৬. দ্ ও ধ্ - এর পরে ক, চ, ট, ত, প, খ, ছ, ঠ, থ, ফ থাকলে দ্ ও ধ্ স্থলে 'ত' ধ্বনি হয়।**

**যেমন-**

দ্ > ত   তদ্ + কাল = তৎকাল
ধ্ > ত   ক্ষুধ্ +পিপাসা = ক্ষুৎপিপাসা ।

এরূপ- হৃদকম্প, তৎপর, তত্ত্ব ইত্যাদি ।

**০৭. দ্ কিংবা ধ্-এর পরে ক্, চ্, ট্, ত্, প্, খ্, ছ্, ঠ্, থ্, ফ্ থাকলে দ্ ও ধ্ স্থলে অল্পপ্রাণ ধ্বনি হয়।**

**যেমন-**

বিপদ্ + সংকুল = বিপৎসংকুল । এরূপ- তৎসম ।

**০৮. ষ-এর পরে ত বা থ থাকলে, যথাক্রমে ত ও থ স্থানে ট ও ঠ হয়।**

**যেমন-** কৃষ্ + তি = কৃষ্টি,   ষষ্ + থ = ষষ্ঠ ।

**০৯. বিশেষ নিয়মে সাধিত কতগুলো সন্ধি।**

**যেমন-**

উৎ + স্থান = উত্থান   সম্ + কার = সংস্কার ।
উৎ + স্থিত = উত্থিত   উৎ + স্থাপন = উত্থাপন ।
সম্ + কৃত = সংস্কৃত   পরি + কার = পরিষ্কার ।
সম্ + কৃতি = সংস্কৃতি   পরি + কৃত = পরিষ্কৃত ।

**১০. কতগুলো সন্ধি নিপাতনে সিদ্ধ হয়। যেমন-**

| | |
|---|---|
| আ + চর্য = আশ্চর্য | গো + পদ = গোষ্পদ |
| বৃহৎ + পতি = বৃহস্পতি | তৎ + কর = তস্কর |
| পর + পর = পরস্পর। | মনস + ঈষা = মনীষা |
| ষট্ + দশ = ষোড়শ। | এক + দশ = একাদশ |
| মৃত্যু + জয় = মৃত্যুঞ্জয় | পতৎ + অঞ্জলি = পতঞ্জলি |
| দিব+লোক = দ্যুলোক | হরি + চন্দ্র = হরিশ্চন্দ্র |
| প্রায় + চিত্র = প্রায়শ্চিত্ত | বিশ্ব+ মিত্র = বিশ্বামিত্র ইত্যাদি। |

## এক কথায় প্রশ্নোত্তর

১. **ব্যঞ্জনসন্ধি সাধিত হয় কত ভাবে–** ৩ ভাবে (ব্যঞ্জনধ্বনি + স্বরধ্বনি, স্বরধ্বনি + ব্যঞ্জনধ্বনি, ব্যঞ্জনধ্বনি + ব্যঞ্জনধ্বনি)।

২. **'মৃত্যুঞ্জয়' শব্দটির সন্ধিবিচ্ছেদ কী–** মৃত্যুম + জয়।

৩. **'সাহচর্য' শব্দের শুদ্ধ গঠন কোনটি–** সহচর + য।

৪. **'উদ্ধার' শব্দের সন্ধিবিচ্ছেদ কোনটি–** উৎ + হার।



## Teacher's Work

১. **'সংহার' শব্দটির সন্ধিবিচ্ছেদ–** [Rupali Bank (Assistant Network Engineer)- 2021]
a) সং + হার b) সম্ + হার
c) সঙ + হার d) সন্ + হার **উ:** B

২. **'জগজ্জীবন' শব্দটি সন্ধির কোন নিয়ম অনুসরণে করা হয়েছে?** [Janata & Rupali Bank Ltd. Officer General-2019]
a) ত + ঝ = জ্জ b) দ + জ = জ্জ
c) দ + ঝ = জ্জ d) ত + জ = জ্জ **উ:** d

৩. **'বৃষ্টি' এর সন্ধি বিচ্ছেদ কি হবে?** [Probashi Kallyan Bank Ltd. EO General-2019]
a) বৃষ্ + তি b) বৃষ + টি
c) বৃশ + টি d) বৃ + টি **উ:** a

৪. **কোনটি সঠিক সন্ধি বিচ্ছেদ?** [Combined 4 Bank Officer General-2019]
a) উৎ + শাস = উচ্ছ্বাস b) উৎ + ডীণ = উড্ডীণ
c) বৃহৎ + ঢক্কা = বৃহড্ঢক্কা d) লভ্ + ধ = লব্ধ **উ:** c

## বিসর্গসন্ধি

সংস্কৃত সন্ধির নিয়মে পদের অন্তস্থিত র্ ও স্ অনেক ক্ষেত্রে অঘোষ উষ্ম ধ্বনি অর্থাৎ হ ধ্বনিরূপে উচ্চারিত হয় এবং তা বিসর্গ (ঃ) রূপে লেখা হয়। র্ ও স্ বিসর্গ ব্যঞ্জন ধ্বনিমালার অন্তর্গত। সে কারণে বিসর্গ সন্ধি ব্যঞ্জন সন্ধির অন্তর্গত। বস্তুত বিসর্গ র্ এবং স্-এর সংক্ষিপ্ত রূপ।

**বিসর্গকে দু ভাগে ভাগ করা হয়েছে-**

১. র্ - জাত বিসর্গ ও
২. স্ - জাত বিসর্গ।

১. **র্ - জাত বিসর্গ:** র স্থানে যে বিসর্গ হয় তাকে বলে র - জাত বিসর্গ। যেমন-
অন্তর-অন্তঃ, প্রাতর-প্রাতঃ, পুনর-পুনঃ, অহর-অহঃ, দুর-দুঃ, নির-নিঃ ইত্যাদি।

২. **স্-জাত বিসর্গ :** স্ স্থানে যে বিসর্গ হয় তাকে বলে স্ - জাত বিসর্গ। যেমন- নমস্-নমঃ, পুরস্-পুরঃ, শিরস্-শিরঃ, তিরস্-তিরঃ, মনস্-মনঃ, তপস্-তপঃ ইত্যাদি।

বিসর্গের সাথে অর্থাৎ র্ ও স্-এর সাথে স্বরধ্বনির কিংবা ব্যঞ্জনধ্বনির যে সন্ধি হয় তাকে বিসর্গ সন্ধি বলে।

বিসর্গ সন্ধি দু' ভাবে সাধিত হয়:
১. বিসর্গ + স্বর এবং ২. বিসর্গ + ব্যঞ্জন।

১. **বিসর্গ ও স্বরের সন্ধি**
অ-ধ্বনির পরস্থিত বিসর্গের পর অ ধ্বনি থাকলে অ+ঃ + অ-এ তিনে মিলে 'ও'- কার হয়। যেমন- ততঃ+অধিক = ততোধিক।

২. **বিসর্গ ও ব্যঞ্জনের সন্ধি**

**অ-কারের পরস্থিত স্-জাত বিসর্গের পর ঘোষ অল্পপ্রাণ ও ঘোষ মহাপ্রাণ ব্যঞ্জনধ্বনি, নাসিক্য ধ্বনি, কিংবা অন্তস্থ য,ব,র, ল,হ থাকলে অ-কার ও স্-জাত বিসর্গ উভয় স্থলে ও-কার হয়।**

**যেমন-** তিরঃ + ধান = তিরোধান,
মনঃ + রম = মনোরম,
মনঃ + হর = মনোহর,
তপঃ + বন = তপোবন ইত্যাদি।

**খ. অ-কারের পরস্থিত র্ জাত বিসর্গের পর স্বরধ্বনি ও উপরিউক্ত ধ্বনিসমূহের কোনোটি থাকলে বিসর্গ স্থানে 'র্' হয়।**

**যেমন-**

| | |
|---|---|
| অন্তঃ + গত = অন্তর্গত | অন্তঃ + ধান = অন্তর্ধান |
| পুনঃ + আয় = পুনরায় | পুনঃ + উক্ত = পুনরুক্ত |
| অহঃ + অহ = অহরহ | |

এরূপ- পুনর্জন্ম, পুনর্বার, অন্তর্ভুক্ত, পুনরপি, অন্তর্বর্তী ইত্যাদি।

**গ. অ ও আ ভিন্ন অন্য স্বরের পরে বিসর্গ থাকলে এবং তার সঙ্গে অ, আ, বর্গীয় ঘোষ অল্পপ্রাণ ও ঘোষ মহাপ্রাণ নাসিক্য ধ্বনি কিংবা হ, য, ব, র, ল-এর সন্ধি হলে বিসর্গ স্থানে 'র্' হয়।**

**যেমন:**
নিঃ + আকার = নিরাকার, আশীঃ + বাদ = আশীর্বাদ,
দুঃ + যোগ = দুর্যোগ ইত্যাদি।
এরূপ- নিরাকরণ, জ্যোতির্ময়, প্রাদুর্ভাব, নির্জন, বহির্গত, দুর্লভ, দুরন্ত ইত্যাদি।

**ব্যতিক্রম:** ই কিংবা উ ধ্বনির পরের বিসর্গের সঙ্গে 'র' এর সন্ধি হলে বিসর্গের লোপ হয় ও বিসর্গের পূর্ববর্তী হ্রস্ব স্বর দীর্ঘ হয়। যেমন- নিঃ + রব = নীরব, নিঃ + রস = নীরস ইত্যাদি।

**ঘ. বিসর্গের পর অঘোষ অল্পপ্রাণ কিংবা মহাপ্রাণ তালব্য ব্যঞ্জন/ 'চ', 'ছ' থাকলে বিসর্গের স্থলে তালব্য শিশ ধ্বনি/ 'শ' হয়, অঘোষ অল্পপ্রাণ কিংবা অঘোষ মহাপ্রাণ মূর্ধন্য ব্যঞ্জন/'ট', 'ঠ' থাকলে বিসর্গ স্থলে মূর্ধন্য শিশ ধ্বনি/'ষ' হয়, অঘোষ অল্পপ্রাণ কিংবা অঘোষ মহাপ্রাণ দন্ত্য ব্যঞ্জনের /'ত', 'থ' স্থলে দন্ত্য শিশ ধ্বনি/'স' হয়।**

**যেমন-** ঃ + চ / ছ = শ্ + চ / ছ = নিঃ + চয় = নিশ্চয়,
শিরঃ + ছেদ = শিরশ্ছেদ।
ঃ + ট / ঠ = ষ্ + ট / ঠ = ধনুঃ + টঙ্কার = ধনুষ্টঙ্কার, নিঃ + ঠুর = নিষ্ঠুর।
ঃ + ত / থ = স্ + ত/ থ = দুঃ + তর = দুস্তর, দুঃ + থ = দুস্থ।

**ঙ. অঘোষ অল্পপ্রাণ ও অঘোষ মহাপ্রাণ কণ্ঠ্য কিংবা ওষ্ঠ্য ব্যঞ্জন (ক, খ, প, ফ) পরে থাকলে অ বা আ ধ্বনির পরস্থিত বিসর্গ স্থলে অঘোষ দন্ত্য শিশ ধ্বনি (স্) হয় এবং অ বা আ ব্যতীত অন্য স্বরধ্বনির পরস্থিত বিসর্গ স্থলে অঘোষ মূর্ধন্য শিশ্ ধ্বনি (ষ) হয়।**

**যেমন-**
অ এর পরে বিসর্গ ঃ + ক = স্ + ক — নমঃ + কার = নমস্কার
অ এর পরে বিসর্গ ঃ + খ = স্ + খ — পদঃ+স্খলন = পদস্খলন।
ই এর পরে বিসর্গ ঃ + ক = ষ + ক — নি ঃ + কর = নিস্কর।
উ এর পরে বিসর্গ ঃ + ক = ষ — দুঃ + কর = দুষ্কর।

এরূপ- পুরস্কার, মনস্কামনা, তিরস্কার, চতুষ্পদ, নিষ্ফল, নিষ্পাপ, দুষ্প্রাপ্য, বহিষ্কৃত, দুষ্কৃতি, আবিষ্কার, চতুষ্কোণ, বাচস্পতি, ভাস্কর ইত্যাদি।

**চ. কোনো কোনো ক্ষেত্রে সন্ধির বিসর্গ লোপ হয় না।**

যেমন-
প্রাতঃ + কাল = প্রাতঃকাল,
মনঃ + কষ্ট = মনঃ কষ্ট,
শিরঃ + পীড়া = শিরঃপীড়া।

**ছ. যুক্ত ব্যঞ্জন ধ্বনি স্ত, স্থ কিংবা স্প পরে থাকলে পূর্ববর্তী বিসর্গ অবিকৃত থাকে অথবা লোপ পায়।**

**যেমন-**
নিঃ + স্তব্ধ = নিঃস্তব্ধ কিংবা নিস্তব্ধ।
দুঃ + স্থ = দুঃস্থ কিংবা দুস্থ।
নিঃ + স্পন্দ = নিঃস্পন্দ কিংবা নিস্পন্দ।

**কয়েকটি বিশেষ বিসর্গ সন্ধির উদাহরণ**
বাচঃ + পতি = বাচস্পতি
ভাঃ + কর = ভাস্কর
অহঃ + নিশা = অহর্নিশ
অহঃ + অহ = অহরহ ইত্যাদি।

## অত্যন্ত গুরুত্বপূর্ণ কিছু সন্ধিবিচ্ছেদ

| | |
|---|---|
| অকুতোভয় = অকুতঃ + ভয় | অক্ষৌহিণী = অক্ষ + ঊহিণী |
| অন্যান্য = অন্য + অন্য | অন্তরঙ্গ = অন্তঃ + অঙ্গ |
| অন্বেষণ = অনু + এষণ | অভীষ্ট = অভি + ইষ্ট |
| অহর্নিশ = অহঃ + নিশা | অহরহ = অহঃ + অহ |
| অহংকার = অহম্ + কার | আদ্যোপান্ত = আদি + উপান্ত |
| আবির্ভাব = আবিঃ+ ভাব | আবিষ্কার = আবিঃ + কার |
| উদ্ধার = উৎ + হার | উচ্ছৃঙ্খল = উৎ + শৃঙ্খল |
| উত্থাপন = উৎ + স্থাপন | উদ্ধৃত = উৎ + হৃত |
| উত্থান = উৎ + স্থান | উচ্ছেদ = উৎ + ছেদ |
| উত্তমর্ণ = উত্তম + ঋণ | উজ্জ্বল = উৎ + জ্বল |
| উপর্যুপরি = উপরি + উপরি | উপর্যুক্ত = উপরি + উক্ত |
| এদ্দুর = এত + দুর | কথোপকথন = কথা + উপকথন |
| কুলটা = কুল + অটা | ক্ষুধার্ত = ক্ষুধা + ঋত |
| কৃষ্টি = কৃষ্ + তি | গুরূক্তি = গুরু + উক্তি |
| গবাক্ষ = গো + অক্ষ | গবেষণা = গো + এষণা |
| গায়ক = গৈ + অক | গোষ্পদ = গো + পদ |
| জনৈক = জন + এক | জগন্নাথ = জগৎ + নাথ |
| চলচ্চিত্র = চলৎ + চিত্র | ততোধিক = ততঃ + অধিক |
| তন্বী = তনু + ঈ | তৃষ্ণার্ত = তৃষ্ণা + ঋত |
| তুষ্ট = তুষ্ + ত | দুশ্চিন্তা = দুঃ + চিন্তা |
| দুরূহ = দুঃ + উহ | দুর্যোগ = দুঃ + যোগ |
| দুরবস্থা = দুঃ + অবস্থা | দুর্নীতি = দুঃ + নীতি |
| দ্যুলোক = দিব্ + লোক | দুর্লভ = দুঃ + লভ |
| দুশ্ছেদ্য = দুঃ + ছেদ্য | দুস্থ = দুঃ + স্থ/থ |
| দুরপনেয় = দুঃ + অপনেয় | নবোঢ়া = নব + ঊঢ়া |
| নশ্বর = নশ্ + বর | ণিজন্ত = ণিচ্ + অন্ত |
| নিরন্ন = নিঃ + অন্ন | নিরাকার = নিঃ + আকার |
| নীরস = নিঃ + রস | নীরোগ = নিঃ + রোগ |
| নীরব = নিঃ + রব | পবন = পো + অন |
| পরস্পর = পরঃ + পর | পদ্ধতি = পদ + হতি |
| পর্যবেক্ষণ = পরি + অবেক্ষণ | পর্যায় = পরি + আয় |
| পর্যালোচনা =পরি + আলোচনা | প্রত্যুক্তি = প্রতি + উক্তি |
| প্রত্যুষ = প্রতি + ঊষ | পাবক = পৌ + অক |
| প্রেম = প্রিয় + ইমন | বিম্বোষ্ঠ = বিম্ব + ওষ্ঠ |
| বৃহস্পতি = বৃহৎ+পতি | বাগাড়ম্বর = বাক্ + আড়ম্বর |
| বনৌষধি = বন + ওষধি | ব্যর্থ = বি + অর্থ |
| বৃষ্টি = বৃষ্ + তি | মস্যাধার = মসী + আধার |
| ভ্রাতুষ্পুত্র = ভ্রাতুঃ + পুত্র | মাত্রাধিক্য = মাত্রা + আধিক্য |
| মৃন্ময় = মৃৎ + ময় | মনীষা = মনস্ + ঈসা |
| মুখচ্ছবি = মুখ + ছবি | মনোনয়ন = মনঃ + নয়ন |
| মন্বন্তর = মনু + অন্তর | শতেক = শত + এক |
| মহৈশ্বর্য = মহা + ঐশ্বর্য | শান্ত = শাম্ + ত |
| শ্রদ্ধাঞ্জলি = শ্রদ্ধা + অঞ্জলি | ষড়ঋতু = ষট্ + ঋত |
| শীতার্ত = শীত + ঋত | সংখ্যা = সম্ + খ্যা |
| ষষ্ঠ = ষষ্ + থ | সংশপ্তক = সম্ + শপ্তক |
| সন্ধান = সম্ + ধান | সংহার = সম্ + হার |
| সঞ্চয় = সম্ + চয় | সন্ধি = সম্ + ধি |
| সন্নিহিত = সম্ + নিহিত | সংশয় = সম্ + শয় |
| সংগীত = সম্ + গীত | সদ্যোজাত = সদ্যঃ + জাত |
| সুধীন্দ্র = সুধী + ইন্দ্র | স্বাধীনতা = স্ব + অধীনতা |
| স্বেচ্ছা = স্ব + ইচ্ছা | সদানন্দ = সদা + আনন্দ |
| সুবন্ত = সুপ্ + অন্ত | রবীন্দ্র = রবি + ইন্দ্র |
| স্বাগত = সু + আগত | রাজ্ঞী = রাজ্ + নী |
| রত্নাকর = রত্ন + আকর | যশোলাভ = যশঃ + লাভ |

## এক কথায় প্রশ্নোত্তর

১. **র্ ও স্ হলো–** বিসর্গ ব্যঞ্জন ধ্বনিমালার অন্তর্গত।
২. **বিসর্গ কে দুইভাগে ভাগ করা যায়–** র্ জাত বিসর্গ ও স্ জাত বিসর্গ।
৩. **বিসর্গ সন্ধি সাধিত হয়–** ২ ভাবে (বিসর্গ + স্বর, বিসর্গ + ব্যঞ্জন)
৪. **'দুরবস্থা' শব্দটির সন্ধি বিচ্ছেদ কী–** দুঃ + অবস্থা।
৫. **কোনটি 'অন্তরঙ্গ' এর সঠিক সন্ধি বিচ্ছেদ–** অন্তঃ + অঙ্গ।
৬. **'আবিষ্কার' শব্দের সঠিক সন্ধি বিচ্ছেদ কী হবে–** আবিঃ + কার।

## Teacher's Work

১. **কোনটি অশুদ্ধ সন্ধি বিচ্ছেদ?** [Combined 2 Bank IT/ICT-2019]
a) মনঃ + কষ্ট = মনঃকষ্ট
b) প্রাতঃ + কাল = প্রাতঃকাল
c) মনঃ + কামনা = মনঃকামনা
d) আতঃ + কারণ = আন্তঃকরণ **উ:** c

২. **'আবির্ভাব' শব্দটি গঠিত হয়েছে–**
ক. প্রত্যয় দ্বারা খ. উপসর্গ দ্বারা
গ. সন্ধি দ্বারা ঘ. বিভক্তি দ্বারা **উ:** গ

৩. **'দুর্নীতি' শব্দটির সন্ধি বিচ্ছেদ হবে–**
ক. দুর + নীতি
খ. দুঃ + নীতি
গ. দুঃ + নীতি
ঘ. দূর + নীতি **উ:** গ

৪. **'দুস্থ' শব্দের ন্ধি বিচ্ছেদ–**
ক. দুস + হ খ. দুস্ + থ
গ. দুঃ + থ ঘ. দুঃ + স্থ **উ:** গ

## নিপাতনে সিদ্ধ সন্ধি

যেসব ক্ষেত্রে সন্ধি নিয়মানুসারে হয় না, তাকে নিপাতনে সিদ্ধ সন্ধি বলে। অর্থাৎ ব্যাকরণে নিয়ম বহির্ভূত প্রচলিত বিষয় বা দৃষ্টান্তকে নিপাতনে সিদ্ধ বলা হয়। যেমন :

| নিপাতনে সিদ্ধ স্বরসন্ধি | |
|---|---|
| অন্যান্য = অন্য + অন্য | মার্তণ্ড = মার্ত + অণ্ড |
| কুলটা = কুল + অটা | শুদ্ধোদন = শুদ্ধ + ওদন |
| গবাক্ষ = গো + অক্ষ | সীমান্ত = সীমন্ + অন্ত |
| প্রৌঢ় = প্র + ঊঢ় | স্বৈর = স্ব + ঈর |
| বিম্বোষ্ঠ = বিম্ব + ওষ্ঠ | অক্ষৌহিণী = অক্ষ + ঊহিণী |
| **নিপাতনে সিদ্ধ ব্যঞ্জন সন্ধি** | |
| আশ্চর্য = আ + চর্য | পরস্পর = পর + পর |
| একাদশ = এক্ + দশ | বৃহস্পতি = বৃহৎ + পতি |
| গোস্পদ = গো + পদ | বিশ্বামিত্র = বিশ্ব + মিত্র |
| তস্কর = তৎ + কর | মনীষা = মন্ + ঈষা |
| দ্যুলোক = দিব্ + লোক | ষোড়শ = ষট্ + দশ |
| পতঞ্জলি = পতৎ + অঞ্জলি | |

| নিপাতনে সিদ্ধ বিসর্গ সন্ধি | |
|---|---|
| অতঃপর = অতঃ + পর | নিঃসন্দেহ = নিঃ + সন্দেহ |
| অধঃপতন = অধঃ + পতন | প্রাতঃকাল = প্রাতঃ + কাল |
| অহরহ = অহঃ + অহ | বয়ঃসন্ধি = বয়ঃ + সন্ধি |
| অহর্নিশ = অহঃ + নিশা | মনঃকষ্ট = মনঃ + কষ্ট |
| অন্তকরণ = অন্তঃ + করণ | মনঃক্ষুণ্ন = মনঃ + ক্ষুণ্ন |
| দুঃশাসন = দুঃ + শাসন | শিরঃপীড়া = শিরঃ + পীড়া |
| দুঃস্বপ্ন = দুঃ + স্বপ্ন | বনস্পতি = বন্ + পতি |

খাঁটি বাংলা শব্দে সন্ধি হয় না। তবে নিম্নলিখিত শব্দগুলি বিশেষ নিয়মে সিদ্ধ–
কাঁদ্ + না = কান্না রাঁধ + না = রান্না

## এক কথায় প্রশ্নোত্তর

১. **ব্যাকরণে নিয়ম বহির্ভূত প্রচলিত বিষয় বা দৃষ্টান্তকে বলা হয়–** নিপাতনে সিদ্ধ।
২. **'আশ্চর্য' এর সন্ধি বিচ্ছেদ–** আ + চর্য।
৩. **'পতঞ্জলি' শব্দের সন্ধি বিচ্ছেদ–** পতৎ + অঞ্জলি।

## Teacher's Work

১. **নিচের কোনটি নিপাতনে সিদ্ধ সন্ধি?** [Janata Bank Ltd. AEO-2019]
a) পরিষ্কার b) ষড়ানন
c) সংস্কার d) আশ্চর্য **উ:** d

২. **কোন সন্ধিটি নিপাতনে সিদ্ধ?** [Rupali Bank Ltd. SO-2019]
a) পর + পর = পরস্পর b) বাক + দান = বাগদান
c) উৎ + ছেদ = উচ্ছেদ d) সম + সার = সংসার **উ:** a

৩. **নিপাতনে সিদ্ধ সন্ধির উদাহরণ-** [Argani bank Ltd. Officer Cash-2017]
a) তস্কর b) দুস্কর
c) গবেষণা d) মহর্ষি **উ:** a

৪. **নিপাতনে সিদ্ধ সন্ধি কোনটি?**
ক. অন্তঃ + ধান = অন্তর্ধান খ. তদ্ + কাল = তৎকাল
গ. সম্ + তান = সন্তান ঘ. গো + পদ = গোস্পদ **উ:** ঘ

# বানান শুদ্ধিকরণ

বিশ শতকের বিশের দশকে বিশ্বভারতী বিশ্ববিদ্যালয় এবং ১৯৩৬ সালে কলিকাতা বিশ্ববিদ্যালয়ের উদ্যোগে বাংলা বানানের নিয়ম প্রবর্তিত হলেও বাংলা বানানের সমতা প্রতিষ্ঠিত হয়নি। ১৯৮৮ সালে জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড কর্মশালা করে ও বিশেষজ্ঞ কমিটির মাধ্যমে বাংলা বানানের নিয়মের একটি খসড়া প্রস্তুত করে। বিশ্বভারতী, কলকাতা বিশ্ববিদ্যালয়, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড ইত্যাদি প্রতিষ্ঠানের অনুসৃত বাংলা বানানের নিয়মের আলোকে ১৯৯২ সালে বাংলা একাডেমি 'প্রমিত বাংলা বানানের নিয়ম' প্রণয়ন করে।

◆ বাংলা একাডেমির 'প্রমিত বাংলা বানানের নিয়ম' ভাবনা-কেন্দ্রে রেখে বাংলা বানানের প্রধান নিয়মগুলো সংক্ষেপে আলোচনা করা হলো:

➤ **ই-কার যুক্ত শব্দ:** শব্দের শেষে জগৎ, বাচক, বিদ্যা, সভা, ত্ব, তা, নী, ণী, পরিষদ, তত্ত্ব ইত্যাদি থাকলে তার পূর্বে ঈ-কার না হয়ে সাধারণত ই-কার হয়। যেমন–

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| অগ্নিবীণা | প্রাণিবিদ্যা | প্রতিদ্বন্দ্বিতা | সহযোগিতা | অধিকারিণী | প্রাণিবাচক | ভবিষ্যদ্বাণী | সহপাঠিনী |
| তপস্বিনী | পুনর্মিলনী | মন্ত্রিপরিষদ | স্থায়িত্ব | প্রণয়িনী | প্রতিযোগিতা | টিপ্পনী | |

◆ **ঈ-কার যুক্ত শব্দ: পুংলিঙ্গ শব্দ: গুণী, সুখী, মেধাবী, বাগ্মী, কর্মী, জয়ী, শ্রমী ইত্যাদি।**

◆ **স্ত্রীলিঙ্গ শব্দ: যামিনী, সখী, ব্যাঘ্রী, নদী, তরী, রজনী, ইন্দ্রাণী ইত্যাদি।**

➤ **ঈ-কার যুক্ত বিবিধ শব্দ:**

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| অঙ্গীকার | ইদানীং | উড়িয়া/উড়ীয়া | কীদৃশ | গরীয়সী | চীবের | তীর্ণ | নিমীলিত |
| অন্তরীপ | ঈপ্সা | উন্মীলিত | কীর্তন | গম্ভীর | চীর | দধীচি | নিপীড়িত |
| অবীরা | ঈপ্সিত | উন্মীলন | কীর্তি | গীতিকা | জিজীবিষা | দিলীপ | নিরীক্ষণ |
| অভীষ্ট | ঈর্ষা | উশীর | কুলীন | গীতাঞ্জলি | টীকা | দীধিতি | নিরীহ |
| অলীক | ঈশ্বর | একান্নবর্তী | কৃষিজীবী | গীষ্পতি | তন্ত্রী | দীপ্ত | নিশীথ |
| অধীন | ঈষৎ | করণীয় | ক্ষীণজীবী | গ্রীবা | তিতীর্ষু | দ্বিতীয় | নিশীথিনী |
| আত্মীয় | উড্ডীন | কালীন | কৌপীন | গ্রীষ্ম | তিন্তিড়ী | দ্বীপ (দ্বিপ: হস্তী) | সমীহ |
| আভীর | উদীচী | কীচক | ক্ষুৎপীড়িত | সীতা | তীক্ষ্ণ | ধীবর | নীচ |
| আশীর্বাদ | উদীয়মান | কীট | গরীয়ান | চীন | তীব্র | নিবীত | নীড় |
| নীহার | প্রতীয়মান | বীণা | ভীরু | বীজ | ব্যতীত | শরীর | নীরব |
| পরীক্ষা | প্রবীণ | বীথি | ভীষণ | বীজন | ভীত | শর্বরী | নীরস |
| পিপীলিকা | প্রাচীন | বিবাদী | ভগীরথ | শীঘ্র | ভীম | শালীন | নীরোগ |
| পীঠ | প্রীত | বীপ্সা | ভাগীরথী | শীতল | সুধী | শিরীষ | মরীচিকা |
| পীড়া | প্রীতি | বীভৎস | মঞ্জরী | সীমা | শ্রীপদ | শীকর | মহী |
| পীযুষ | বাল্মীক | বীর | প্রতীচ্য | স্ফীত | শীল | সম্মুখীন | মহীয়ান |
| পৃথিবী | বাল্মীকি | বুদ্ধিজীবী | প্রতীচী | হরীতকী | সমীচীন | সমীপ | মীমাংসা |
| প্রতীক | বাণী | ব্রীহি | প্রতীতি | সীমান্ত | শীতাতপ | সমীরণ | সরীসৃপ |
| প্রতীক্ষা | বিকীর্ণ | বেণী | বিপরীত | সুশ্রী | শীর্ণ | | |

◆ **উ বা ঊ-কার যুক্ত স্ত্রীবাচক শব্দ: বধূ, শ্বশ্রূ ইত্যাদি।**

➤ **ঊ-কার যুক্ত বিবিধ শব্দ:**

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| অনসূয়া | ঊর্মিলা | ঘূর্ণন | সূর | দূষক | পূর্তি | সূত | ভূ |
| অসূয়া | ঊর্বর (উর্বর) | ঘূর্ণি | তাম্রকূট | দূষণীয় | পূষা | নিষ্ঠ্যূত | ভূত |
| আহূত | ঊষর | ঘূর্ণমান | তূণ | দূষিত | পূর্ব | নূতন | ভূমা |
| ঊর্মি | ঊষা | ঘূর্ণায়মান | সূদন | দ্যূত | প্রতিভূ | নূপুর | ভূমি |
| উদূখল | ঊহ্য | দূরীভূত | তূর্য | চমূ | ত্যূষ (প্রত্যুষ) | ন্যূনতম | ভূয়ঃ |
| ঊঢ় | কূর্ম | চূত | তূলিকা | ধূম্র | প্রসূত | পূত | পূরক |
| মূঢ় | মূত্র | পূতিকা | সদ্ভূয় | ভূতি | সূক্ত | সূচনা | ময়ূখ |
| মুহূর্ত | মুমূর্ষু | যূথ | সম্ভূয় | ভ্রূ | সূচি | সূচক | শূদ্র |
| মূক | মরুভূমি | যূতিকা | যূনী | রূঢ় | ভ্রূণ | যূপ | স্ফূর্তি |
| শার্দূল | শূক | শুশ্রূষা | রূপ | সূত্র | সূপ | যূষ | সূর্য |

◆ **অদ্ভুত, ভুতুড়ে ছাড়া সব ভূত ঊ-কার হবে। যেমন– উদ্ভূত, পরাভূত, দূরীভূত, কিম্ভূত, অভূতপূর্ব প্রভৃতি।**

➤ **চন্দ্রবিন্দু-যুক্ত শব্দ: মূল শব্দে ঙ, ঞ, ণ, ন, ম থাকিলে তাহার পূর্বস্বরে চন্দ্রবিন্দু যুক্ত হয়। যেমন–**

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| আঁধার | গোঁফ | দাঁড়ি | পাঁচ | কাঁটা (কণ্টক) | দাঁত | পাঁজি | বাঁকা | হাঁটা |
| আঁক (অঙ্ক) | ছেঁড়া | ধাঁধা | বাঁশ | শাঁখ | ছোঁ | হাঁস | ছোঁয়াচে | ছোঁয়া |

♦ ড়- যুক্ত শব্দ: আগড়, কড়াই, কড়া, পড়া (পীঠ), পাহাড়, বড়, বুড়া প্রভৃতি।

➢ ব-ফলা যুক্ত কয়েকটি শব্দ। যেমন–

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| উচ্ছ্বাস | বন্ধুত্ব | শ্বাস | স্বচ্ছ | বিশ্বস্ত | পক্ব | স্বাদ | সান্ত্বনা |
| উজ্জ্বল | প্রজ্বলিত | শ্বশ্রূ | স্বচ্ছন্দ | বিশ্বাস | মহত্ত্ব | স্বত্ব | স্বায়ত্ত |
| ঊর্ধ্ব | প্রতিদ্বন্দ্বী | শ্বশুর | স্বীকার | সরস্বতী | স্বাধীন | স্বাক্ষর | বিদ্বান |
| দ্বন্দ্ব | পার্শ্ব | শাশ্বত | স্বার্থ (সার্থক) | স্বরূপ | স্বস্তি | স্বতন্ত্র | সত্ত্ব (সত্তা) |

♦ বিস্ময়সূচক অব্যয় (যেমন: বাঃ / ছিঃ / উঃ ইত্যাদি) ছাড়া শব্দের শেষে বিসর্গ (ঃ) থাকবে না। যেমন–

| অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ |
|---|---|---|---|---|---|---|---|
| প্রধানতঃ | প্রধানত | বস্তুতঃ | বস্তুত | প্রায়শঃ | প্রায়শ | কার্যতঃ | কার্যত |

➢ বিসর্গ (ঃ) যুক্ত শুদ্ধ শব্দ:

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| অতঃপর | দুঃসময় | দুঃস্বপ্ন | মনঃকষ্ট | শিরঃপীড়া | স্বতঃস্ফূর্ত | দুঃশাসন | দুঃসাধ্য |
| ইতঃপূর্বে | দুঃসহ | নিঃসন্দেহ | মনঃক্ষুন্ন | | | | |

♦ যে-কোনো দেশ, ভাষা ও জাতির নাম লিখতে ই-কার (ি) হবে। যেমন–

**দেশ** : আমেরিকা, গ্রিস, জার্মানি, ইতালি, হাঙ্গেরি ইত্যাদি।

**ভাষা** : আরবি, হিন্দি, ফারসি, ইংরেজি, গ্রিক ইত্যাদি।

**জাতি** : বাঙালি, পর্তুগিজ, তুর্কি, বিহারি, ইরানি, আফগানি ইত্যাদি।

♦ অপ্রাণিবাচক শব্দ ও ইতর প্রাণিবাচক অ-তৎসম শব্দের শেষে ই-কার (ি) হবে।

**অপ্রাণিবাচক শব্দ :** বাড়ি, গাড়ি, শাড়ি, চাবি ইত্যাদি।

**ইতর প্রাণিবাচক শব্দ:** পাখি, হাতি, মুরগি, চড়ুই ইত্যাদি।

তৎসম স্ত্রীবাচক শব্দের শেষে সর্বদা ঈ-কার হবে। যেমন– জননী, স্ত্রী, নারী, সাধ্বী ইত্যাদি।

➢ বিদেশি শব্দের বানানে (ষ, ণ, ছ, ঢ়, ড়) এই পাঁচটি বর্ণ ব্যবহার করা যাবে না। যেমন–

| অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ |
|---|---|---|---|---|---|---|---|
| ইছলাম | ইসলাম | ব্যারিষ্টার | ব্যারিস্টার | খ্রিষ্টাব্দ | খ্রিস্টাব্দ | ষ্টেশন | স্টেশন |
| কর্ণেল | কর্নেল | বামুণ | বামুন | পোষ্ট | পোস্ট | ষ্টুডিও | স্টুডিও |

➢ বাংলা বানান রীতি অনুযায়ী একই শব্দের দুটি বানানই শুদ্ধ। যেমন–

| | | | | | |
|---|---|---|---|---|---|
| অন্তরীক্ষ-অন্তরিক্ষ | কুমির-কুমীর | নিমিষ-নিমেষ | মসুর-মসূর | কিশলয়-কিসলয় | দেবকী-দৈবকী |
| অন্তঃস্থ-অন্তস্থ | গাড়ি-গাড়ী | প্রতিকার-প্রতীকার | রজনি-রজনী | কলস-কলশ | দিঘি-দীঘি |
| ঈর্ষা-ঈর্ষ্যা | তরণি-তরণী | পাখি-পাখী | শ্রেণি-শ্রেণী | কুটির-কুটীর | দাদি-দাদী |

➢ স্ক / ষ্ক সংক্রান্ত সমস্যা:

ক. ই/উ যুক্ত বিসর্গ (ঃ) এর পর ক, খ, প, ফ থাকলে সাধারণত 'ষ' হবে। যেমন– আবিষ্কার, পরিষ্কার, দুষ্কর, দুষ্কার্য, নিষ্কলঙ্ক, জ্যোতিষ্ক প্রভৃতি।

খ. অ-যুক্ত বা মুক্ত বর্ণের পরে সাধারণত 'স' হবে। যেমন– নমস্কার, তিরস্কার, কুসংস্কার।

➢ আলি প্রত্যয়যুক্ত শব্দে সর্বদা ই-কার হবে। যেমন–

| অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ |
|---|---|---|---|
| খেয়ালী | খেয়ালি | মিতালী | মিতালি |
| গীতালী | গীতালি | রূপালী | রূপালি |
| বর্ণালী | বর্ণালি | সোনালী | সোনালি |

➢ রেফ পরে ব্যঞ্জনবর্ণে দ্বিত্ব হবে না। যেমন–

| অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ |
|---|---|---|---|
| কার্ত্তিক | কার্তিক | নির্দ্দিষ্ট | নির্দিষ্ট |
| কার্য্য | কার্য | পর্ব্বত | পর্বত |
| ধর্ম্মসভা | ধর্মসভা | মাধুর্য্য | মাধুর্য |

➢ সন্ধি-ঘটিত অশুদ্ধি:

| অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ |
|---|---|---|---|---|---|---|---|
| অধঃগতি | অধোগতি | ব্যবধান | ব্যবধান | জগচন্দ্র | জগৎচন্দ্র | মনযোগ | মনোযোগ |
| অদ্যপি | অদ্যাপি | ব্যপার | ব্যাপার | বাগেশ্বরী | বাগীশ্বরী | মনান্তর | মন্বন্তর |
| উপরোক্ত | উপর্যুক্ত | বশম্বদ | বশংবদ | তেজচন্দ্র | তেজশ্চন্দ্র | যশলাভ | যশোলাভ |
| এতদ্বারা | এতদ্‌দ্বারা | বন্দোপাধ্যায় | বন্দ্যোপাধ্যায় | তেজেন্দ্র | তেজন্দ্র | যশপ্রভা | যশঃপ্রভা |
| কিম্বা | কিংবা | মরুদ্যান | মরূদ্যান | তিরষ্কার | তিরস্কার | শিরোপরি | শিরউপরি |

## ➢ প্রত্যয়-ঘটিত অশুদ্ধি:

| অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ |
|---|---|---|---|---|---|---|---|
| আলস্যতা | আলস্য | মহিমাময় | মহিমময় | নিন্দুক | নিন্দক | সৌজন্যতা | সৌজন্য |
| ঐক্যতা | ঐক্য/একতা | সখ্যতা | সখ্য | পরিত্যজ্য | পরিত্যাজ্য | সিঞ্চিন | সেচন |
| উৎকর্ষতা | উৎকর্ষ | লক্ষ্মীমান | লক্ষ্মীবান | প্রযুজ্য | প্রযোজ্য | সিঞ্চিত | সিক্ত |
| দারিদ্রতা | দারিদ্র্য | শমতা | শম | বিদ্যান | বিদ্বান | সৃজিত | সৃষ্ট |
| দোষণীয় | দূষণীয় | বরিত | বৃত | | | | |

## ➢ বচন-ঘটিত অশুদ্ধি: একই সাথে দুবার বহুবচন বাচক প্রত্যয় বা শব্দ ব্যবহৃত হয় না। যেমন–

| অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ |
|---|---|---|---|
| সকল শিক্ষকগণ | সকল শিক্ষক / শিক্ষকগণ | যাবতীয় লোকসমূহ | যাবতীয় লোক |
| সকল পরীক্ষকগণ | সকল পরীক্ষক / পরীক্ষকগণ | যাবতীয় ভদ্রমহোদয়গণ | যাবতীয় ভদ্রমহোদয়/ভদ্রমহোদয়গণ |
| ব্রাহ্মণগণেরা | ব্রাহ্মণগণ | সুন্দর-সুন্দর বইগুলি | সুন্দর বইগুলি / সুন্দর সুন্দর বই |

## ➢ অর্থ ও রীতি-ঘটিত অশুদ্ধি:

| অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ |
|---|---|---|---|---|---|---|---|
| অন্নকাপড় | অন্নবস্ত্র | অশ্রুজল | অশ্রু/নেত্রজল | যদ্যাপিও | যদ্যপি | কল্যাণবর | কল্যাণীয়বর |
| মড়াদাহ | শবদাহ | সমতুল্য | সম বা তুল্য | আগতকল্য | আগামীকল্য | কৌমারাবস্থ | কৌমার/কুমারাবস্থা |

## ➢ সংযুক্ত-বর্ণঘটিত ভুল:

| অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ |
|---|---|---|---|---|---|---|---|
| আহ্লিক | আহ্নিক | ব্রাক্ষ্মণ | ব্রাহ্মণ | পূর্বাহ্ন | পূর্বাহ্ল | যক্ষা | যক্ষ্মা |
| মধ্যাহ্ল | মধ্যাহ্ন | চক্র | চক্র | অপরাহ্ন | অপরাহ্ল | শত্র | শত্রু |
| সায়াহ্লে | সায়াহ্ন | রাক্ষ্মস | রাক্ষস | আকাঙ্খা | আকাঙ্ক্ষা | ত্রূটি | ত্রুটি |

## ➢ সমাস-ঘটিত অশুদ্ধি:

| অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ |
|---|---|---|---|---|---|---|---|
| আকণ্ঠ পর্যন্ত | আকণ্ঠ | মৃগনয়ণী | মৃগনয়না | কালীদাস | কালিদাস | সক্ষম | ক্ষম |
| আরোহীগণ | আরোহিগণ | সুকণ্ঠিনী | সুকণ্ঠি /সুকণ্ঠা | দেবীদাস | দেবিদাস | সানন্দিত | আনন্দিত |
| নিষ্পাপী | নিষ্পাপ | শ্বেতাঙ্গিনী | শ্বেতাঙ্গী/শ্বেতাঙ্গা | যোগীবৃন্দ | যোগিবৃন্দ | সবিনয়পূর্বক | সবিনয়ে |
| নীর্দোষী | নীর্দোষ | মহাত্মাগণ | মহাত্মগণ | স্বামীপুত্র | স্বামিপুত্র | গৃহীতা | গ্রহীতা |

## ➢ বিবিধ শুদ্ধ শব্দ:

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| অধ্যবসায় | গার্হস্থ্য | পল্বল | যশস্বিনী /যশস্বতী | আভ্যন্তর | জ্যোৎস্না | ব্যাকুল | সমিতি |
| অমাবস্যা | গর্দভ | পরিপক্ব | যুধ্যমান | আকাঙ্ক্ষা | জবা কুসুম | ব্যাধি | সস্ত্রীক |
| অধোগতি | গ্রীষ্ম | পরিত্রাণ | রুগ্‌ণ | আয়ত্ত | জ্বালাময়ী | বৈশিষ্ট্য | সারথি |
| অনুজ | গুণগ্রাহী | পিশাচ | রোগগ্রস্ত | আভিধানিক | কৃতিত্ব | বৈদগ্ধ্য | সমভিব্যাবহারে |
| অতিথি | গোধূলি | পোশাক | লবণ | আবির্ভাব | ত্রস্ত | বিদূষী | সামর্থ্য |
| অন্তর্ভুক্ত | ঘনিষ্ঠ | প্রত্যন্ত | লক্ষ্মী | আদ্যাক্ষর | তিতিক্ষা | বৃশ্চিক | সদ্যোজাত |
| অভিশাপ | চলাকালে | প্রকৃতি | লক্ষ্য | আদ্যন্ত | তেজস্ক্রিয়তা | বন্দন | সন্ন্যাসী |
| ঐকতান | নিবাত | মানসিক | সৌন্দর্য | কৃত্তিবাস | প্রবহমান | যাচনা | যশোধন |
| ঋষি | প্রকুপিত | মৃন্ময় | হরিণ | কুজ্ঝটিকা | পুঙ্খানুপুঙ্খ | যশোলাভ | কুম্ভিলক |
| কৃচ্ছ্রসাধন | প্রাণিকুল | মনোমুগ্ধকর | সুপ্ত | সত্তা | বিভীষিকা | কৃষিজীবী | গলাধঃকরণ |

## এক কথায় প্রশ্নোত্তর

১. **বাংলা বানানের নিয়ম প্রথম প্রবর্তিত হয় –**১৯৩৬ সালে।

২. **বাংলা বানানের নিয়ম প্রবর্তন করে– কলকাতা বিশ্ববিদ্যালয় ও বিশ্বভারতীয় বিশ্ববিদ্যালয়।**

৩. **বাংলা বানানের নিয়ম সংক্রান্ত খসড়া তৈরি হয়– ১৯৮৮** সালে।

৪. **বাংলা বানানের নিয়ম খসড়া তৈরি করে–** জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড।

৫. **'প্রমিত বাংলা বানানের নিয়ম' প্রণয়ন করে–** বাংলা একাডেমি, **১৯৯২** সালে।

## Teacher's Work



**১. কোন শব্দটি শুদ্ধ বানানে লেখা হয়েছে?** [Combined 9 Bank Senior Officer (General)-2023]

a. ত্রিভুজ b. শূন্য
c. পূন্য d. ভুবন **উ:** A,B

**২. শুদ্ধ বানান কোনটি?** [Bangladesh Bank (AD): 28-10-2022]

a) ভাগীরথী b) ভাগিরথী
c) ভাগীরথি d) ভাগীরোথী **উ:** A

**৩. কোন বানানটি শুদ্ধ?** [Combined 5 Banks Officer (Cash)- 22]

a) ব্যাকুল b) ব্যাকুল
c) ব্যকুল d) ব্যকূল **উ:** B

**৪. নিচের কোন বানানটি সঠিক?** [Bangladesh Bank AD- 2021]

a) জিগিষা b) জীগীষা
c) জিগীষা d) জীগিষা **উ:** C

## বাক্য শুদ্ধিকরণ

আমরা সচরাচর যে ভুলগুলো করে থাকি সে সম্পর্কে সংক্ষিপ্ত বর্ণনা নিচে প্রদান করা হলো−

- সাধু ও চলিত রীতির মিশ্রণজনিত ভুল বা অশুদ্ধি: 'জানিবার ও বুঝিবার প্রবৃত্তি মানুষের মন থেকে যেদিন চলিয়া যাবে সেদিন মানুষ আবার পশুত্ব লাভ করবে।' এ বাক্যটিতে সাধু ও চলিত ভাষার মিশ্রণের ফলে তা গুরুচণ্ডালী দোষে দুষ্ট।

  **সাধু (শুদ্ধ) রূপ:** জানিবার ও বুঝিবার প্রবৃত্তি মানুষের মন হইতে যেইদিন চলিয়া যাইবে সেইদিন মানুষ আবার পশুত্ব লাভ করিবে।

  **চলিত (শুদ্ধ) রূপ:** জানবার ও বুঝবার প্রবৃত্তি মানুষের মন থেকে যেদিন চলে যাবে সেদিন মানুষ আবার পশুত্ব লাভ করবে।

- **বানান অশুদ্ধি:**

  **অশুদ্ধ:** আমি, 'গীতাঞ্জলী' পড়েছি। (বাক্যে ব্যবহৃত 'গীতাঞ্জলী' বানানটি ভুল)

  **শুদ্ধ:** আমি 'গীতাঞ্জলি' পড়েছি।

- **পদের অপপ্রয়োগজনিত অশুদ্ধি:**

  **অশুদ্ধি:** কাল বিতরণী হবে উৎসব স্কুলে আমাদের পুরস্কার অনুষ্ঠিত। (পদের সন্নিবেশ ঠিক না হওয়ায় ভাব প্রকাশ যথাযথ হয়নি)।

  **শুদ্ধি:** কাল আমাদের স্কুলে পুরস্কার বিতরণী উৎসব অনুষ্ঠিত হবে।

**অর্থ-সামঞ্জস্যহীন পদের ব্যবহার:**

| অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ |
|---|---|---|---|
| ইক্ষুর চারা বপন করা হইল। | ইক্ষুর চারা রোপন করা হইল। | গণিত খুব কঠিন। | গণিত খুব জটিল। |
| হস্তীটি অপরিসীম স্থুলাকায়। | হস্তীটি অত্যন্ত স্থুলকায়। | ছেলেটি ভয়ানক মেধাবী। | ছেলেটি অত্যন্ত মেধাবী। |
| বঙ্কিমের প্রতিভা ছিল অতি ভয়ঙ্কর। | বঙ্কিমের প্রতিভা ছিল অতি অসাধারণ। | আমরা উন্নতির পথে কুঠারাঘাত করিতেছি। | আমরা উন্নতির মূলে কুঠারাঘাত করিতেছি। |

- **বিশেষ্যের বিশেষণ-রূপে ব্যবহার:** শব্দে বিশেষ্যকে বিশেষণ-রূপে ব্যবহার করলে বাক্য অশুদ্ধির ক্ষেত্রে বিশেষ ভূমিকা পালন করে। সুতরাং এ বিষয়ে বিশেষ বিশেষ মনোযোগ দিতে হবে।

| অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ |
|---|---|---|---|
| আমি অপমান হয়েছি। | আমি অপমানিত হয়েছি। | এ কথা প্রমাণ হয়েছে। | এ কথা প্রমাণিত হয়েছে। |
| জ্বর-হ্রাস হইয়াছে। | জ্বর হ্রাস পেয়েছে। | তার এখন সঙ্কট অবস্থা। | তার এখন সঙ্কটাপন্ন অবস্থা। |
| আমার কথাই প্রমাণ হলো। | আমার কথাই প্রমাণিত হলো। | তাহার জীবন সংশয়াপূর্ণ। | তাহার জীবন সংশয়ভরা |

**বিশেষণের বিশেষ্যের ন্যায় ব্যবহার:**

| অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ |
|---|---|---|---|
| ইহার আবশ্যক নাই। | ইহার আবশ্যকতা নাই। | আমি সাক্ষী দিয়েছি। | আমি সাক্ষ্য দিয়েছি। |
| ইদানিং অবকাশ নাই। | ইদানিং অবকাশ নাই। | তদ্দৃষ্টে লিখিত হইল। | তদ্দর্শনে লিখিত হইল। |

- **বচনঘটিত শুদ্ধিকরণ:** একই সাথে দুবার বহুবচন বাচক প্রত্যয় বা শব্দ ব্যবহৃত হয় না। একটি বাক্যে একাধিকবার বহুবচনবাচক প্রত্যয় বা শব্দ 'বাহুল্য-দোষ' ঘটে। যেমন−

| অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ |
|---|---|---|---|
| সকল শিক্ষকগণ আজ উপস্থিত। | সকল শিক্ষক আজ উপস্থিত। | সদাসর্বদা তোমার উপস্থিত প্রার্থনীয়। | সর্বদা তোমার উপস্থিত প্রার্থনীয়। |
| প্রত্যেক শিক্ষকগণ অনুষ্ঠানে উপস্থিত থাকবেন। | প্রত্যেক শিক্ষক অনুষ্ঠানে উপস্থিত থাকবেন। | সর্ব বিষয়ে বাহুল্যতা বর্জন করা উচিত। | সর্ব বিষয়ে বাহুল্য বর্জন করা উচিত। |
| সকল মানুষেরাই মরণশীল। | মানুষ মরণশীল। | সমুদয় পক্ষীরাই নীড় বাঁধে। | সমুদয় পক্ষী নীড় বাঁধে। |

- **লিঙ্গঘটিত শুদ্ধিকরণ:** সাধারণত পুংলিঙ্গ থেকে স্ত্রীলিঙ্গে অথবা স্ত্রীলিঙ্গ থেকে পুংলিঙ্গে রূপান্তরকালে কিছু প্রত্যয়, অতিরিক্ত শব্দ বা শব্দাংশ যুক্ত করতে হয়; যা না হলে ব্যাকরণজনিত ভুল দেখা দেয়। বিধেয় বিশেষণ অর্থাৎ বিশেষ্যের পরবর্তী বিশেষণে স্ত্রীবাচক হয়না। যেমন−

| অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ |
|---|---|---|---|
| মেয়েটি পাগলি হয়ে গেছে। | মেয়েটি পাগল হয়ে গেছে। | আজকালকার মেয়েরা যেমন মুখরা, তেমনি বিদ্বান। | আজকালকার মেয়েরা যেমন মুখরা, তেমনি বিদুষী। |
| রহিমা পাগলি হয়ে গেছে। | রহিমা পাগল হয়ে গেছে। | রাজা পাপিষ্ঠ রানীকে শাস্তি দিলেন। | রাজা পাপিষ্ঠা রানীকে শাস্তি দিলেন। |
| আসমা ভয়ে অস্থিরা। | আসমা ভয়ে অস্থির। | সে এমন রূপসী যেন অপ্সরা। | সে এমন রূপবতী যেন অপ্সরা। |

➢ **অর্থ-সামঞ্জস্যহীন বাক্যের ব্যবহার:** অর্থ-সামঞ্জস্যহীন বাক্য বা শব্দে অতিব্যবহার বাক্য অশুদ্ধির ক্ষেত্রে অনেক সময় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে। অর্থ প্রকাশের জন্য শব্দ নির্দিষ্ট একটি মাত্রায় ব্যবহার করা জরুরি নতুবা বাক্যে অর্থের বিপর্যয় ঘটে। যেমন−

| অশুদ্ধ | শুদ্ধ |
|---|---|
| শুধুমাত্র গায়ের জোরে কাজ হয় না। | শুধু গায়ের জোরে কাজ হয় না। |
| তাহার বৈমাত্রেয় সহোদর অসুস্থ। | তাহার বৈমাত্রেয় ভ্রাতা / ভাই অসুস্থ। |
| আপনি আগত কল্য আসিবেন। | আপনি আগামী কল্য আসিবেন। |

➢ **কি ও কী সমস্যা: প্রশ্নবোধক বাক্যে যে সকল প্রশ্নের উত্তর হ্যাঁ/না দ্বারা দেওয়া যায় সেগুলোতে 'কি' হবে ও যে সকল প্রশ্নের উত্তর হ্যাঁ/না দ্বারা দেওয়া যায় না সেগুলোতে 'কী' হবে এবং বিস্ময়সূচক বাক্যে কী হবে। যেমন−**

| অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ |
|---|---|---|---|
| তুমি কী আজ যাবে? | তুমি কি আজ যাবে? | কি ভয়ানক বিপদ! | কী ভয়ানক বিপদ! |
| তুমি কী ঢাকা যাবে? | তুমি কি ঢাকা যাবে? | | |

➢ **বিবিধ অশুদ্ধি:**

| অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ |
|---|---|---|---|
| আমি সন্তোষ হলাম। | আমি সন্তুষ্ট হলাম। | হাসান হলো আমার ভ্রাতুষ্পুত্র | হাসান আমার ভ্রাতুষ্পুত্র |
| দুর্বলতাবশঃ অনাথিনী বসে পড়ল। | দুর্বলতাবশত অনাথা বসে পড়ল। | নৌকার স্রোতে ভাসিয়ে চলিয়াছিল | নৌকা স্রোতে ভাসিয়া চলিয়াছিল |
| আপনি স্বপরিবারে আমন্ত্রিত | আপনি সপরিবারে আমন্ত্রিত | তার সাংস্কৃতিক নাই। | তার সংস্কৃতি নাই। |
| এমন অসহ্যনীয় ব্যথা আমি আর কখনও অনুভব করি নাই | এমন অসহ্য ব্যথা আমি আর কখনও অনুভব করি নাই | যুক্তি খণ্ডিত হয়েছে কিন্তু মুক্তি মেলেনি | যুক্তি খণ্ডন হয়েছে কিন্তু মুক্তি মেলেনি |
| বাংলাদেশ একটি উন্নতশীল দেশ | বাংলাদেশ একটি উন্নয়নশীল দেশ | বিধি লঙ্ঘন হয়েছে। | বিধি লঙ্ঘিত হয়েছে। |
| দারিদ্রতা বাংলাদেশের প্রধান সমস্যা | দরিদ্রতা বাংলাদেশের প্রধান সমস্যা | | |
| | দারিদ্র্য বাংলাদেশের প্রধান সমস্যা | বিবিধ জিনিসপত্র কিনলাম | বিবিধ জিনিস কিনলাম |

## এক কথায় প্রশ্নোত্তর

১. **'সকল আলেমগণ আজ উপস্থিত' − বাক্যটিতে কোন দোষ আছে−** বাহুল্য দোষ।

২. **'কাজটি শেষ করার জন্য সে আদা-কাঁচকলা খেয়ে নেমেছে'। বাক্যটি হারিয়েছে−** যোগ্যতা।

৩. **'বৃক্ষটি সমূলসহ উৎপাদিত হয়েছে।' বাক্যটির শুদ্ধ রূপ−** বৃক্ষটি সমূল উৎপাটিত হয়েছে/ বৃক্ষটি মূলসহ উৎপাটিত হয়েছে।

## Teacher's Work



১. **কোন বাক্যটি শুদ্ধ?** [Combined 9 Bank Senior Officer (General)-2023]
a. দৈন্যতা সর্বদা মহত্ত্বের পরিচায়ক নয়
b. দৈন্য সর্বদা মহত্ত্বের পরিচায়ক নয়
c. দৈন্য সর্বদা মহত্ত্বে পরিচায়ক নয়
d. দৈন্যতা সর্বদা মহত্ত্বের পরিচায়ক নয় **উ: b**

২. **কোন চরণটি সঠিক?** [Combined 9 Bank Senior Officer (General)-2023]
a. ধন ধান্যে পুষ্পে ভরা b. ধন্য ধান্যে পুষ্পে ভরা
c. ধন ধাণ্যে পুষ্পে ভরা d. সবকটি **উ: a**

৩. **কোন বাক্যটি শুদ্ধ-** [Combined 8 Bank SO-2018]
a) তুমি চিরঞ্জীব হও b) তিনি অপমানিত বোধ করেছেন
c) চন্দ্র উদয় হয়েছে d) তুমি চিরজীবী হও **উ:** d

৪. **কোন বাক্যে কর্তার অসংগত প্রয়োগ ঘটেছে?** [Janata Bank Senior Officer (Engineering Textile)- 2020]
a) কেউই জানে না, সে কোথায় গেছে।
b) বেশ, তাই হবে।
c) তার কাঁধে বিরাট বোঝা, হাতে লাঠি।
d) তুমি ও যাবে, আমি ও যাব **উ:** D

৫. **নিচের শুদ্ধ বাক্যটি হলো-**[Bangladesh Krishi Bank Ltd. Officer Cash-2017]
a) ব্যাধিই সংক্রামক, স্বাস্থ্য নয়।
b) গতকাল তাদের প্রথম বিবাবার্ষিকী উদ্‌যাপিত হলো।
c) পরিবারের সকলে আজ একত্রিত হয়েছে।
d) জনস্থানে ধূমপান নিষেধ। **উ:** a

# প্রয়োগ-অপপ্রয়োগ

ভাষাজ্ঞান এবং বানান পরিবর্তনের চলমান ধারার সাথে সংলগ্ন থাকতে পারলে ভাষার শুদ্ধ প্রয়োগ ঘটানো সম্ভবপর হবে। উদাহরণের মাধ্যমে বিষয়টি স্পষ্ট করা হলো:

◆ যে শব্দটি তৎসম নয় অর্থাৎ সংস্কৃত নয়, সে শব্দটির বানানে কোথাও ঈ-কার দেওয়া যাবে না। এ ক্ষেত্রে সর্বদাই ই-কার, উ-কার বসবে। যেমন– ইদ, নবি, পরি, পির, পুব, বিমা, রানি, লিগ, শহিদ ইত্যাদি। এখানে ই-কার, উ-কার বসার কারণ হলো যে, এ শব্দগুলোর কোনোটিই সংস্কৃত নয়। পূর্বে বানানগুলোতে ঈ-কার বসতো, বর্তমানে বানান পরিমার্জন করে সরল করা হয়েছে।

✪ **নিচে প্রয়োগ-অপপ্রয়োগের বিস্তারিত বর্ণনা উদাহরণসহ আলোচনা করা হলো:**

**১. ই-কার / ঈ-কার এর প্রয়োগ-অপ্রয়োগ:** ১৯৮৮ সালে জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড বাংলা বানানের নিয়মের একটি খসড়া প্রস্তুত করে এবং ১৯৯২ সালে বাংলা একাডেমি প্রমিত বাংলা বানানের নিয়ম প্রণয়ন করে। উভয় নিয়মেই যাবতীয় অতৎসম (অর্ধতৎসম, তদ্ভব, দেশি ও বিদেশি) শব্দে কেবল হ্রস্বধ্বনি (ই, ই-কার, উ, উ-কার) ব্যবহারের সুপারিশ করেছে। নিম্নে এর কিছু ব্যবহার তুলে ধরা হলো:

| অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ |
|---|---|---|---|
| একাডেমী | একাডেমি | ঈদ | ইদ |
| এজেন্সী | এজেন্সি | কেরানী | কেরানি |
| কলোনী | কলোনি | কোম্পানী | কোম্পানি |
| কাজী | কাজি | গরীব | গরিব |
| কোরবানী | কোরবানি | গীটার | গিটার |
| নবী | নবি | শাশুড়ী | শাশুড়ি |
| ডিগ্রী | ডিগ্রি | সরকারী | সরকারি |
| তসবী | তসবি | নেভী | নেভি |
| দরদী | দরদি | মামী | মামি |
| নার্সারী | নার্সারি | সেক্রেটারী | সেক্রেটারি |
| চাকরী | চাকরি | নানী | নানি |
| জরুরী | জরুরি | বীমা | বিমা |
| গ্যালারী | গ্যালারি | ভাবী | ভাবি |
| জানুয়ারী | জানুয়ারি | রেফারী | রেফারি |
| টিউশনী | টিউশনি | লীগ | লিগ |
| ডায়েরী | ডায়েরি | শহীদ | শহিদ |
| সীলমোহর | সিলমোহর | লাইব্রেরী | লাইব্রেরি |
| সতীন | সতিন | লটারী | লটারি |

➢ **ঈ-কার যুক্ত শব্দ:**

| | | | |
|---|---|---|---|
| অগ্নিবীণা | শরীর | দ্বীপ(দ্বিপ-হস্তী) | সমীপ |
| অধিকারিণী | শারীরিক | নিবীত | বিপরীত |
| প্রাণিবিদ্যা | শীকর | ভীম | বীচি |
| প্রাণিবাচক | শীঘ্র | নীরব | বীথি |
| ভবিষ্দ্বাণী | শীতাতপ | নীরন্ধ্র | বিবাদী |
| সহপাঠিনী | শীর্ণ | পরীক্ষা | বীভৎস |
| প্রণয়িনী | শ্রীপদ | পিপীলিকা | বীর |
| শিঞ্জিনী | সুশ্রী | পীড়া | ব্রীহি |
| টিপ্পনী | সরীসৃপ | পীযুষ | বেণী |
| তপস্বিনী | সম্মুখীন | প্রতীক | ব্যতীত |
| পুনর্মিলনী | সমীহ | প্রতীক্ষা | ভাগীরথী |
| উন্মীলন | উড্ডীন | প্রতীচ্য | ভীষণ |
| একান্নবর্তী | উদীচী | গ্রীষ্ম | গরীয়ান |
| চীর | উড়িয়া/উড়ীয়া | চীন | গরীয়সী |
| প্রতীয়মান | সমীচীন | গীতিকা | ক্ষুৎপীড়িত |
| অঙ্গীকার | নিমীলিত | প্রবীণ | টীকা |
| অন্তরীণ | নিপীড়িত | প্রীতি | তরণী |
| অলীক | নিরীহ | বাল্মীকি | তীক্ষ্ণ |
| অধীন | নিশীথিনী | বাণী | তীব্র |
| আভীর | নীচ | সীমন্ত | দধীচি |
| আশীর্বাদ | মরীচিকা | প্রতীতি | দিলীপ |
| ঈপ্সা | গীতাঞ্জলি | কিরীট | দীপ্ত |
| ঈপ্সিত | গীষ্পতি | কীর্তন | দ্বিতীয় |
| ঈর্ষা | কৃষিজীবী | কীর্তি | কালীন |
| ঈষৎ | ক্ষীণজীবী | ভীত | |

**২. অপপ্রয়োগের কারণ যখন বিশেষণ দ্বিত্ব:** বিশেষণ জাতীয় পদের সঙ্গে যদি পুনরায় বিশেষণবাচক উপসর্গ বা প্রত্যয় যোগ করা হয় তাহলে যে সব শব্দ গঠিত হয় তা ব্যাকরণ সম্মত নয়। তথাকথিত এই দূষিত শব্দগুলো অপপ্রয়োগের ফলে সৃষ্ট। যেমন–

| অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ |
|---|---|---|---|
| সকাতর | কাতর | সবিনয়পূর্বক | বিনয়পূর্বক |
| সকৃতজ্ঞ | কৃতজ্ঞ | সলজ্জিত | লজ্জিত/সলজ্জ |
| সচিত্রিত | চিত্রিত / সচিত্র | সশঙ্কিত | শঙ্কিত/সশঙ্ক |
| সচেষ্টিত | চেষ্টিত/সচেষ্ট | সানন্দিত | সানন্দ |

**৩. অপপ্রয়োগের কারণ যখন বিশেষ্য / দ্বিত্ব:** কোনো বিশেষ্য পদের সাথে আবার "তা" অথবা "ত্ব" প্রত্যয় যুক্ত করা হলে যে শব্দটি গঠিত হয় তা ভুল শব্দ। এ জাতীয় শব্দের প্রয়োগ ব্যাকরণসম্মত নয় বলে এগুলো অপপ্রয়োগ। যেমন–

| অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ |
|---|---|---|---|
| অপকর্ষতা | অপকর্ষ | উৎকর্ষতা | উৎকর্ষ / উৎকৃষ্টতা |
| অপ্রতুলতা | অপ্রতুল | প্রসারিত | প্রসার |
| মৌনতা | মৌন | | |

**৪. বিশেষণের সাথে দুইবার প্রত্যয় যোগ করার কারণে অপপ্রয়োগ:**
সাধারণত বিশেষণ পদের শেষে "য" অথবা "তা" প্রত্যয় যোগ করা হলে বিশেষণ পদটি বিশেষ্য পদে রূপান্তরিত হয়; পুনরায় ওই বিশেষ্য পদের সাথে যদি আবার প্রত্যয় যোগ করা হয়, তাহলে অপপ্রয়োগ ঘটে। যেমন: 'দরিদ্র' একটি বিশেষণ পদ। 'দরিদ্র' শব্দের সঙ্গে "য" প্রত্যয় যোগ করলে গঠিত হয় (দরিদ্র + য) দারিদ্র্য। 'দারিদ্র্য' একটি বিশেষ্য পদ। এবার 'দারিদ্র্য'র সাথে যদি "তা" যোগ করা হয়, তাহলে গঠিত হয় (দারিদ্র্য+তা) দারিদ্রতা। 'দারিদ্রতা' গঠনে একই সঙ্গে "য" এবং "তা" প্রত্যয় যুক্ত হওয়ার কারণে এটি অশুদ্ধ শব্দ। অপপ্রয়োগ ঘটেছে, এমন কিছু তথাকথিত শব্দের বিষয়ে সতর্ক থাকুন। যেমন–

| অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ |
|---|---|---|---|
| আতিশয্যতা | আতিশয্য | দারিদ্রতা | দারিদ্র্য/দরিদ্রতা |
| চাঞ্চল্যতা | চাঞ্চল্য | সখ্যতা | সখ্য |
| ঐক্যতা | ঐক্য/একতা | বাহুল্যতা | বাহুল্য |
| চাতুর্যতা | চাতুর্য/চতুরতা | সৌজন্যতা | সৌজন্য |
| কার্পণ্যতা | কার্পণ্য | ভারসাম্যতা | ভারসাম্য |
| চাপল্যতা | চাপল্য | সৌহার্দ্যতা | সৌহার্দ্য |
| গাম্ভীর্যতা | গাম্ভীর্য | দৈন্যতা | দৈন্য/দীনতা |

৫. **সমার্থক শব্দের বাহুল্যজনিত কারণে অপপ্রয়োগ:** কখনও কখনও বাংলায় কোনো কোনো শব্দে সমার্থবোধক একাধিক শব্দের প্রয়োগ লক্ষ করা যায়। এ ধরনের প্রয়োগের ফলে শব্দ ব্যাকরণগতভাবে দূষিত হয়ে পড়ে। সমার্থক শব্দের বাহুল্যজনিত কারণে সৃষ্ট অপপ্রয়োগের উদাহরণ হলো–

| অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ |
|---|---|---|---|
| অশ্রুজল | অশ্রু | শুধুমাত্র | শুধু / মাত্র |
| আয়ত্তাধীন | আয়ত্ত / অধীন | সমূলসহ | সমূল / মূলসহ |
| আরক্তিম | আরক্ত / রক্তিম | সময়কাল | সময় / কাল |
| কদাপিও | কদাপি | সুবুদ্ধিমান | সুবুদ্ধি / বুদ্ধিমান |
| কেবলমাত্র | কেবল / মাত্র | বিবিধপ্রকার | বিবিধ |
| সুস্বাগত | স্বাগত | সুস্বাস্থ্য | স্বাস্থ্য |

৬. **সন্ধিজাত শব্দে বানান ভুলের জন্য অপপ্রয়োগ:** সন্ধিজাত শব্দে পাশাপাশি দুই বা তার চেয়ে বেশি ধ্বনি মিলিত হয়ে একটি ধ্বনিতে পরিণত হয় কিন্তু এক্ষেত্রে ধ্বনিটি কী হবে, তা সন্ধির সূত্র অনুযায়ী নির্ধারিত হয়। এক্ষেত্রে কোনো রকম স্বাধীনতা গ্রহণ করা চলে না। আমরা অনেকেই সন্ধিজাত শব্দের বানান লেখার সময় বানানে স্বেচ্ছাচার করে থাকি যার ফলে শব্দে অপপ্রয়োগ ঘটে থাকে। যেমন–

| অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ |
|---|---|---|---|
| অদ্যবধি | অদ্যাবধি | মুখছবি | মুখচ্ছবি |
| তরুছায়া | তরুচ্ছায়া | দুরাবস্থ | দুরবস্থা |
| উপরোক্ত | উপর্যুক্ত | প্রাত:রাশ | প্রাতরাশ |
| দুরাদৃষ্ট | দুরদৃষ্ট | বক্ষোপরি | বক্ষ-উপরি |

৭. **সমাসঘটিত শব্দে অপপ্রয়োগ:** ব্যাসবাক্য থেকে সমস্তপদ যখন গঠিত হয় তা সমাসের নিয়ম অনুযায়ী ভিন্ন ভিন্ন রূপ লাভ করে। শব্দ গঠন অনুযায়ী ব্যাসবাক্য থেকে কখনও কখনও তা ভিন্নরূপ লাভ করে।

যেমন: মহান যে মানব = 'মহানমানব' নয়– 'মহামানব' ; জায়া ও পতি = 'জায়াপতি' নয় = 'দম্পতি'।

| অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ |
|---|---|---|---|
| নির্জ্ঞানী | নির্জ্ঞান | অহোরাত্রি | অহোরাত্র |
| নিরপরাধী | নিরপরাধ | নির্দোষী | নির্দোষ |
| নিরভিমানী | নিরভিমান | অহর্নিশি | অহর্নিশ |
| নীরোগী | নীরোগ | মধ্যরাত্রি | মধ্যরাত্র |
| নির্বিরোধী | নির্বিরোধ | দিবারাত্রি | দিবারাত্র |

৮. **প্রত্যয়ঘটিত অপপ্রয়োগ:** প্রকৃতির সাথে প্রত্যয়যুক্ত হয়ে যখন শব্দ গঠিত হয় তখন সংগত কারণেই তার বানানে কিছুটা বৈচিত্র্য লক্ষ করা যায়। সচেতন না থাকলে এসব ক্ষেত্রে ভুল হওয়ার সম্ভাবনা উড়িয়ে দেওয়া যায় না।

| অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ |
|---|---|---|---|
| অধীনস্থ | অধীন | লব্ধপ্রতিষ্ঠিত | লব্ধপ্রতিষ্ঠ |
| একত্রিত | একত্র | অসহ্যনীয় | অসহনীয় / অসহ্য |
| সত্বা | সত্ত্বা | চোষ্য | চুষ্য |
| সাধ্যাতীত | অসাধ্য | সম্ভ্রান্তশালী | সম্ভ্রমশালী / সম্ভ্রান্ত |
| আবশ্যকীয় | আবশ্যক | সিঞ্চিত | সিক্ত |

৯. **উৎকর্ষবাচক– তর, তম প্রত্যয়ের অপপ্রয়োগ:** উৎকর্ষবাচক শব্দ ব্যবহারে, আমরা কী রকম অজ্ঞানতার মধ্যে ডুবে আছি যেটি খুব অল্প কথায় ড. মাহবুবুল হক বিশ্লেষণ করেছেন। আমরা সরাসরি তাঁর বই থেকে একটি অংশ তুলে ধরছি: 'বাংলায় উৎকর্ষের সর্বাধিক্য বোঝাতে গুণবাচক শব্দের সঙ্গে "ইষ্ঠ" প্রত্যয় যুক্ত হয়। যেমন: কনিষ্ঠ, গরিষ্ঠ, জ্যেষ্ঠ, পাপিষ্ঠ্য, বলিষ্ঠ, লঘিষ্ঠ, শ্রেষ্ঠ ইত্যাদি। এসব শব্দের সঙ্গে ভুলবশত অনেকে দুইয়ের মধ্যে একের উৎকর্ষবাচক "তর" এবং বহুর মধ্যে একের উৎকর্ষবাচক "তম" প্রত্যয় যুক্ত করে থাকেন। যেমন: কনিষ্ঠতর "কনিষ্ঠতম" "বলিষ্ঠতম", "শ্রেষ্ঠতম" ইত্যাদি। এরকম প্রয়োগ অশুদ্ধ।

১০. **বহুল প্রচলিত বানানের প্রভাবে অপপ্রয়োগ:** বাংলা বানানে বহুলপ্রচলিত শব্দগুলি তুলনামূলক কম প্রচলিত শব্দের বানানের ওপর প্রবল প্রভাব ফেলে। ফলে অপপ্রয়োগ দেখা যায়। কিন্তু উদাহরণ দেয়া হলো: 'ভূগোল' বানানে উ-কার আছে কিন্তু এর প্রভাবে 'ভূবন' বানানে উ-কার দেওয়া হলো, যা অপপ্রয়োগ। এরূপ 'বিবাদ' শুদ্ধ কিন্তু 'বিবাদমান' শুদ্ধ নয়, শুদ্ধ প্রয়োগ করতে হলে ব্যবহার করতে হবে 'বিবদমান'।

১১. **সমাসঘটিত শব্দের বানানে অশুদ্ধি:** 'সমাস' (সম্- √অস্ + অ) শব্দের অর্থই হচ্ছে সংক্ষেপণ, মিলন, একাধিক পদের একপদীকরণ। ড. মুহম্মদ শহীদুল্লাহ বলেছেন, "পরস্পর অর্থ-সঙ্গতিবিশিষ্ট দুই বা বহু পদকে লইয়া একপদ করার নাম সমাস।"

সমাসবদ্ধ শব্দ তাই একত্রে লিখতে হয়- নতুবা অপপ্রয়োগ হবে। নিচে কিছু উদাহরণ দেওয়া হলো:

| অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ |
|---|---|---|---|
| অকাল প্রয়াত | অকালপ্রয়াত | অনন্য সাধারণ | অনন্যসাধারণ |
| অনুমান নির্ভর | অনুমাননির্ভর | আপন জন | আপনজন |
| ক্রয় ক্ষমতা | ক্রয়ক্ষমতা | প্রচার মাধ্যম | প্রচারমাধ্যম |
| প্রবাস জীবন | প্রবাসজীবন | বাস্তব সম্মত | বাস্তবসম্মত |
| বিপথ গামী | বিপথগামী | বেকার সমস্যা | বেকারসমস্যা |
| দৃষ্টি প্রতিবন্ধী | দৃষ্টিপ্রতিবন্ধী | ধর্ম ব্যবসায়ী | ধর্মব্যবসায়ী |
| নীতি নির্ধারক | নীতিনির্ধারক | পার্শ্ব প্রতিক্রিয়া | পার্শ্বপ্রতিক্রিয়া |
| পূর্ব প্রস্তুতি | পূর্বপ্রস্তুতি | জমিদার বাড়ি | জমিদারবাড়ি |
| ব্যক্তি মালিকানা | ব্যক্তিমালিকানা | শোক সংবাদ | শোকসংবাদ |
| জীবন ধারা | জীবনধারা | ভাব বিনিময় | ভাববিনিময় |
| সমাজ সেবা | সমাজসেবা | জীবন সংগ্রাম | জীবনসংগ্রাম |
| মৎস্য সম্পদ | মৎস্যসম্পদ | সমুদ্র সৈকত | সমুদ্রসৈকত |
| জীবন সঙ্গিনী | জীবনসঙ্গিনী | যুক্ত বিবৃতি | যুক্তবিবৃতি |
| সর্বজন শ্রদ্ধেয় | সর্বজনশ্রদ্ধেয় | দল নিরপেক্ষ | দলনিরপেক্ষ |
| যুদ্ধ বিধ্বস্ত | যুদ্ধবিধ্বস্ত | সাহায্য সংস্থা | সাহায্যসংস্থা |
| দৃঢ় প্রতিজ্ঞ | দৃঢ়প্রতিজ্ঞ | শিক্ষা ব্যবস্থা | শিক্ষাব্যবস্থা |

১২. **অর্থগত অপপ্রয়োগ:** (সমোচ্চারিত ও প্রায়-সমোচ্চারিত ভিন্নার্থক শব্দের অর্থ পার্থক্যজনিত অপপ্রয়োগ)

এই তিনটি উপায়ে গঠিত শব্দসমূহ সমোচ্চারিত ও প্রায়-সমোচ্চারিত ভিন্নার্থক শব্দ হিসেবে পরিচিত। যেমন:

**ক) যুগল : দিন : দিবস, দীন : দরিদ্র** [পরিবর্তন কেবল বানানে, উচ্চারণে কোন পার্থক্য নেই।]

**খ) যুগল : চুড়ি : অলংকার বিশেষ, চুরি : চৌর্যবৃত্তি** (একটি অপরাধকর্ম) [পরিবর্তন একই সঙ্গে বানানে ও উচ্চারণে]

**গ) যুগল : চাল : চাউল, চাল : কৌশল** [বানান বা উচ্চারণে কোনো পার্থক্য ঘটেছে না অথচ ভিন্ন অর্থবোধক নতুন শব্দ সৃষ্টি হচ্ছে।] যেমন: আমাদের বাসায় আজ চাল নেই। তোমার চাল ধরতে পারছি না।

**বাংলা অভিধানে এমন অসংখ্য শব্দ রয়েছে যেগুলোর জন্য আমরা পদে পদে বিড়ম্বনার মুখোমুখি হই। বানান একই অথচ অর্থের সাথে কোন সম্পর্ক নেই। অল্প কিছু দৃষ্টান্ত দেখুন।**

**অজ –** খাঁটি / নিরেট
**অজ –** ছাগল / মেষ [ প্রয়োগ: অজের অজ দুগ্ধ ।]
**ঘাট –** নৌকা বা জাহাজ ভিড়াবার স্থান / ঘাঁটি ।
**ঘাট –** অপরাধ, অন্যায়, ত্রুটি [প্রয়োগ: অনুমতি না নিয়ে ঘাটে নৌকা বেঁধে ঘাট করেছে ।]
**চটি –** চামড়ার তৈরি হালকা জুতাবিশেষ
**চটি –** পান্থশালা/পথিকদের বিশ্রামস্থান [প্রয়োগ: চটির ভেতরে কার চটি গো?]
**ছাপা –** মুদ্রিত করা / ছাপানো ।
**ছাপা –** গুপ্ত/লুকায়িত/অপ্রকাশিত [প্রয়োগ: ছাপা সংবাদ ছাপা থাকে না ।]
**ধনী –** ধনবান / ঐশ্বর্যশালী
**ধনী –** যুবতী [প্রয়োগ: একজন ধনী ধনীকে বিয়ে করেছি ।]
**তটস্থ –** বিচলিত / শশব্যস্ত / ভীত
**তটস্থ –** তীরস্থ/যা তীরে অবস্থিত [প্রয়োগ: শীতলক্ষ্যার তটস্থ মানুষ সব সময় তটস্থ থাকে ।]
**দক্ষিণা –** দক্ষিণ দিক সংক্রান্ত ।
**দক্ষিণা –** প্রণামী [প্রয়োগ: দক্ষিণা নেতাদের দক্ষিণা না দিয়ে উপায় আছে?]
**নজর –** দৃষ্টি ।
**নজর –** উপঢৌকন / উপহার ।

◆ প্রায়-সমোচ্চারিত শব্দগুলো এই তুলনায় আমাদের কাছে একটু বেশি পরিচিত। তবু এসব ক্ষেত্রে আমাদের অপপ্রয়োগ ঘটে থাকে। শব্দজোড়ের অর্থ-পার্থক্য মনে রাখলে অপপ্রয়োগ এড়িয়ে চলা কঠিন নয়। কিছু উদাহরণ দেয়া হলো:

**কৃতি (নির্মাণ, রচনা, কর্ম):** ‘গীতাঞ্জলি’ রবীন্দ্রনাথের অমর কৃতি ।
**কৃতী (কৃতকর্মা, গুণবান):** ড. আনিসুজ্জামান বাংলাদেশের কৃতী সন্তান ।
**নিচ (নিম্ন, নিচের):** আমরা তিন তলা বাসার নিচ তলায় থাকি ।
**নীচ (হীন, অধর্ম, নিকৃষ্ট):** এহসান এত নীচ, আগে ভাবতে পারিনি ।
**পিঠ (পৃষ্ঠদেশ):** সামি এখনও আমার পিঠে চড়ে ।
**পীঠ (বেদী, প্রতিষ্ঠান):** ঢাকা বিশ্ববিদ্যালয় বাংলাদেশের শ্রেষ্ঠ বিদ্যাপীঠ ।
**বাজি (ভেলকি, জুয়ার পণ):** আমি বাজি ধরে বলতে পারি সেলিম আছমাকে গোপনে বিয়ে করেছে ।
**বাজী (ঘোড়া) :** বাজি ধরে বাজীতে চড়েছি ।
**বেশি (অনেক, প্রচুর) :** বেশি খেয়ো না, মোটা হয়ে যাবে ।
**বেশী (বেশধারী):** আফ্রিকার জঙ্গলে গিয়ে উপজাতিদের সাথে দেখা হলো: তারা বেশি ছিল কিন্তু কেউ বেশী ছিল না। [‘অনেক’ অর্থে আমাদের বদ অভ্যাস কিন্তু ঈ-কার দিয়ে ‘বেশী’ লেখা ।’
**বলি (নৈবেদ্য):** তোমার আর শাকিলের ঝগড়ায় সব সময় আমাকে বলির পাঁঠা হতে হবে কেন, শুনি?
**বলী (বলবান, বীর):** বলী হলেই প্রেমিক হওয়া যায় না ।
**অনুদিত (যা উদিত হয়নি):** অনুদিত সূর্যকে তুমি কীভাবে দেখবে?
**অনূদিত (ভাষান্তরিত):** ‘গীতাঞ্জলি’ অনেক ভাষায় অনূদিত হয়েছে ।
**কুল (বংশ, ফল বিশেষ):** প্রেমে পড়লে যদি কুল-মান না-ই গেল, তবে সেটা কেমন প্রেম?
**কূল (তট, কিনারা):** প্রেমে পড়ে কুল হারিয়ে সে এখন কূল পাচ্ছে না ।
**ধুম (জাঁকজমক):** উৎসবে ধুমধাম না থাকলে চলে নাকি?
**ধূম (ধোঁয়া):** যেখানে অগ্নি সেখানে ধূম ।
**সূচি (তালিকা):** বইয়ের সূচীপত্র দেখে নাও; কোন কোন অধ্যায় আজ পড়বে ।
**সূচি (সূচ, সুই):** তোমার নাকি সূচীকর্ম খুব সুন্দর ।
**গাঁথা (গ্রন্থন করা):** মৌসুমি আর আমার হৃদয় এক সূত্রে গাঁথা ।
**গাথা (কবিতা):** জসীমউদ্‌দীনের গাথাগুলো নাট্যধর্মী ।
**পরশ্ব (পরশু দিন):** পরশ্ব আমি থাকিব ব্যস্ত উদয়াস্ত ।
**পরস্ব (পরের ধন):** পরস্ব হরণ করে যে ধনী কে তারি কহে ধনবান ।
**শপ্ত (শাপগ্রস্ত):** তুমি শপ্ত, কলঙ্ক জাতির ।
**সপ্ত (সাত):** তার লাগি লিখে পড়ে দিতে পারি সপ্ত আসমান ।
**শূর (বীর):** রাগের সময় যে নিজেকে নিয়ন্ত্রণ করতে পারে, সেই শ্রেষ্ঠ শূর ।
**সূর (সূর্য):** আকাশে সূর উঠেছে ।
**উদ্দেশে (সন্ধান, প্রতি):** আমি কাল কাপাসিয়ার উদ্দেশে যাত্রা শুরু করব ।
**উদ্দেশ্যে (লক্ষ্য, অভিপ্রায়):** আমি ও সেলিম শিমুলের সাথে দেখা করার উদ্দেশ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উদ্দেশে যাচ্ছি ।
**লক্ষ (দৃষ্টি, নজর, লাখ):** শুধু লক্ষ টাকার দিকেই বুঝি তোমার লক্ষ্য?
**লক্ষ্য (উদ্দেশ্য, উদ্দিষ্ট):** আমি বেদনার সাথে লক্ষ করেছি লক্ষ টাকা আয় করাটাই তার কেবল লক্ষ্য ।
**সাক্ষর (অক্ষরজ্ঞানসম্পন্ন):** বাংলাদেশে দিন দিন সাক্ষরতার হার বাড়ছে ।
**স্বাক্ষর (দস্তখত, সই):** তারিক আহমেদের স্বাক্ষর খুব সুন্দর ।
**স্বর (ধ্বনি):** আমি মনির গলার স্বর চিনি ।
**স্মর (কামদেব):** স্মরের স্বরে সে আকুল হয়েছে ।
**নেতৃবর্গ (পুরুষ নেতাগণ):** নেতৃবর্গ এ বিষয়ে একমত হতে পারেননি ।
**নেত্রীবর্গ (মহিলা নেতারা):** মহিলা সমিতির নেত্রীবর্গ বাল্যবিবাহের বিরুদ্ধে সোচ্চার হয়েছেন ।
**আত্ত (গৃহীত):** বাংলা ভাষায় আত্তীকৃত শব্দের সংখ্যা অজস্র ।
**আত্ম (নিজ):** মহামানবদের আত্মজীবনী পড়ে বিমল আনন্দ লাভ হয় ।
**তত্ত্ব (গূঢ় অর্থ):** পিকনিকে এসে তত্ত্বকথা বাদ দাও বাপু ।
**তথ্য (সংবাদ):** রেজার বিয়ের তথ্য রুবেল আমাকে দিয়েছে ।

**১৩. অর্থগত অপপ্রয়োগ:** আমরা অনেক সময়ে শব্দের যথার্থ অর্থ না জেনে তা প্রয়োগ করি। এর ফলে বাক্যে অর্থগত অপপ্রয়োগ ঘটে। কিছু উদাহরণ দিলেই বিষয়টি স্পষ্ট হবে। যথা:

**অপপ্রয়োগ:** আমি কাল বৃষ্টিতে ভিজেছিলাম, <u>ফলশ্রুতিতে</u> আজ আমার জ্বর হয়েছে ।
**প্রয়োগ:** আমি কাল বৃষ্টিতে ভিজেছিলাম, ফলে আজ আমার জ্বর হয়েছে ।
**অপপ্রয়োগ:** আয়নাল জ্বরে শয্যাশায়ী ।
**প্রয়োগ:** আয়নাল জ্বরে শয্যাগত ।

## এক কথায় প্রশ্নোত্তর

১. **বাংলা ভাষার অপপ্রয়োগের দৃষ্টান্ত–** কর্তৃপক্ষ ।
২. **‘কাজটি শেষ করার জন্য সে আদা-কাঁচকলা খেয়ে নেমেছে’ বাক্যটি হারিয়েছে–** যোগ্যতা ।
৩. **সংস্কৃত শব্দের শেষে সর্বদা–** ঈ কার ও উ কার হয় ।
৪. **সংস্কৃত ছাড়া অন্যান্য শব্দের শেষে সর্বদা–** ই– কার হয়েও উ কার হয় ।



## Teacher's Work

১. **নিচের যে গুচ্ছে কোনো অপপ্রয়োগ ঘটেনি–** [Probashi Kallyan Bank Officer (General)- 2021]
a) অধীন, অজ্ঞানতা   b) তনুদেহ, পান্তাভাত   c) সমসাময়িককালে, জন্মবার্ষিক   d) ভাষী, সবান্ধব   **উ:** A&D

২. **নিচের যে বাক্যটিতে ভাষার অপপ্রয়োগ ঘটেনি–** [Combined 7 Banks & Financial Institutions (Senior Officer)- 2021]
a) ছেলেটি মারাত্মক মেধাবী।   b) দরিদ্র শিক্ষার্থীদের ঝরে পড়ার সম্ভাবনা প্রচুর।
c) আজ তার পঞ্চাশতম জন্মবার্ষিকী।   d) সে পান্তাভাত খেয়ে মাঠে গেল।   **উ:** D

৩. **নিচের যে গুচ্ছে ভাষার অপপ্রয়োগের কোনো দৃষ্টান্ত নেই-** [Rupali Bank Ltd. Officer-2019]
a) জন্মবার্ষিক, কেবল, স্বোপার্জিত   b) সর্বজনীন, অত্রস্থান, কর্তৃপক্ষ
c) সবিনয়ে, একত্র, সাম্প্রতিক   d) পরিবারবর্গ, স্বনামধন্য, ঐক্যবদ্ধ   **উ:** a

## *Unique* Question for Student Practice



১. **নিচের কোন শব্দে স্বভাবতই 'মূর্ধন্য-ণ' বসেছে?**
ক. মণি   খ. পরিণাম
গ. পরিণতি   ঘ. নির্ণয়   **উ:** ক

২. **নিত্য মূর্ধন্য-ণ বাচক শব্দ কোনটি?**
ক. তৃণ   খ. গ্রহণ
গ. লক্ষণ   ঘ. লবণ   **উ:** ঘ

৩. **নিচের যে শব্দটিতে স্বভাবতই 'ণ' হয়–**
ক. তৃণ   খ. লক্ষণ
গ. অর্পণ   ঘ. ভীষণ   **উ:** ক

৪. **নিচের কোন শব্দে স্বভাবতই 'ণ' হয়েছে?**
ক. বক্ষমাণ   খ. স্থাণু
গ. পরিবহণ   ঘ. উত্তরায়ণ   **উ:** খ

৫. **স্বভাবতই 'ণ' ব্যবহৃত হয়েছে কোন শব্দে?**
ক. শ্রাবণ   খ. হরিণ
গ. নিপুণ   ঘ. ঘণ্টা   **উ:** গ

৬. **স্বাভাবিক ভাবেই 'ণ' হয়েছে নিচের কোন শব্দে?**
ক. পণ   খ. বণ্টন
গ. ক্ষণ   ঘ. খণ্ড   **উ:** ক

৭. **কোন বানানটি ভুল?**
ক. সূক্ষ্ম   খ. নিক্কণ
গ. ইতোমধ্যে   ঘ. নূন্যতম   **উ:** খ, ঘ

৮. **নিচের কোন বানানে স্বভাবতই মূর্ধন্য-ণ বসেছে?**
ক. বণিক   খ. রোপণ
গ. পরিমাণ   ঘ. ঘণ্টা   **উ:** ক

৯. **নিচের কোন শব্দটির বানানে 'ণ-ত্ব' বিধির নিয়ম ব্যবহৃত হয়নি?**
ক. হরিণ   খ. পূর্বাহ্ণ
গ. অণু   ঘ. কর্ণ   **উ:** গ

১০. **খাঁটি বাংলা শব্দে নিচের কোনটি যুক্ত হয় না?**
ক. স   খ. ষ
গ. ণ   ঘ. ন   **উ:** গ

১১. **কোন ধরনের শব্দে কখনোই মূর্ধন্য-ণ হবে না?**
ক. তৎসম   খ. বিদেশি
গ. তদ্ভব   ঘ. আঞ্চলিক   **উ:** খ

১২. **'দুর্নাম', 'দুর্নিবার' শব্দ দুটিতে মূর্ধন্য-ণ ব্যবহৃত হয়নি কেন?**
ক. সমাবদ্ধ শব্দ বলে   খ. দেশি শব্দ বলে
গ. তৎসম শব্দ বলে   ঘ. বিদেশি শব্দ বলে   **উ:** ক

১৩. **সঠিক বানান কোনটি?**
ক. সুষম   খ. সুসম
গ. সুশম   ঘ. সূসম   **উ:** ক

১৪. **কোনটি ষ-ত্ব বিধান?**
ক. তৎসম শব্দে 'স'-এর স্থানে 'ষ' হয়
খ. রেফ এবং ঋ/ঋ-কারের পরে 'ষ' হয়
গ. রেফ, র-ফলা, ঋ এবং ঋ-কারের পরে 'ষ' হয়
ঘ. ট-বর্গীয় বর্ণের সাথে 'স' সংযুক্ত হয়   **উ:** গ

১৫. **কোনটি শুদ্ধ বানান?**
ক. কৃষিজিবি   খ. কৃষিজীবি
গ. কৃষীজিবি   ঘ. কৃষিজীবী   **উ:** ঘ

১৬. **কোনটি শুদ্ধ বানান?**
ক. মহর্সি   খ. মহর্ষি
গ. মহর্ষী   ঘ. মহির্শ   **উ:** খ

১৭. **নিচের কোন বানানটি সঠিক?**
ক. পরিস্কার   খ. পরিষ্কার
গ. পরিশ্কার   ঘ. পরিঃকার   **উ:** খ

১৮. **কোন বানানগুচ্ছ শুদ্ধ?**
ক. সখ্যতা, মৌন   খ. অত্যাধিক, ব্যাতিক্রম
গ. লাবণ্য, পন্য   ঘ. ঘনিষ্ঠ, তিরস্কার   **উ:** ঘ

১৯. **নিচের কোন বানানটির দন্ত 'স' নিপাতনে সিদ্ধ হয়ে 'ষ' হয়েছে?**
ক. ভবিষ্যৎ   খ. বিষাণ
গ. কৃষাণ   ঘ. সুষম   **উ:** খ

২০. **নিপাতনে সিদ্ধ 'স' এর ব্যবহার রয়েছে কোনটিতে?**
ক. মুমূর্ষু   খ. অনুসঙ্গ
গ. বর্ষণ   ঘ. ভূষণ   **উ:** ঘ

২১. কোন বানানটি শুদ্ধ?
ক. পাষাণ খ. পাষান
গ. পাসান ঘ. পাশান উ: ক

২২. কোনটি শুদ্ধ বানান?
ক. দূষণ খ. দুষণ
গ. দূশন ঘ. দুশন উ: ক

২৩. কোনটি শুদ্ধ বানান?
ক. শশিভুসন খ. শশিভূষণ
গ. শসিভূষণ ঘ. শশিভুসণ উ: খ

২৪. কোন শব্দটির বানান সঠিক?
ক. দোষণীয় খ. দূষণীয়
গ. দূষনিয় ঘ. দোষনীয় উ: খ

২৫. শুদ্ধ বানান কোনটি?
ক. বিভিষণ খ. বিভীসন
গ. বিভীষণ ঘ. বিভীষন উ: গ

২৬. কোন বানানটি শুদ্ধ?
ক. সম্পুর্ণ খ. সম্পুর্ন
গ. সম্পূর্ণ ঘ. সম্পূর্ন উ: গ

২৭. কোন বানানটি শুদ্ধ?
ক. ব্যাকরন খ. ব্যাকারণ
গ. ব্যাকরণ ঘ. ব্যাকারন উ: গ

২৮. ণ-ত্ব বিধান অনুসারে কোনটি অশুদ্ধ বানান?
ক. পুরোনো খ. ধরন
গ. ঝরনা ঘ. বর্ননা উ: ঘ

২৯. কোন বানানটি শুদ্ধ?
ক. ক্ষণ খ. রক্ষন
গ. লক্ষন ঘ. শিক্ষন উ: ক

৩০. কোন বানানটি শুদ্ধ?
ক. লক্ষ্ণীয় খ. লক্ষ্যণীয়
গ. লক্ষ্যনীয় ঘ. লক্ষনীয় উ: ক

৩১. ণ-ত্ব বিধি অনুসরণ করে 'ণ' হয়েছে নিচের কোন শব্দে?
ক. কোণ খ. কৃপণ
গ. লাবণ্য ঘ. বাণ উ: খ

৩২. কোনটি শুদ্ধ বানান?
ক. সর্বাঙ্গীণ খ. সর্ব্বাঙ্গীন
গ. সর্বাঙ্গীন ঘ. সর্বাঙ্গিন উ: ক

৩৩. স্বভাবতই মূর্ধন্য 'ষ' হয়– এমন উদাহরণ কোনটি?
ক. কৃষক খ. বর্ষা
গ. ঔষধ ঘ. কাষ্ট উ: গ

৩৪. কোন বানানটি শুদ্ধ?
ক. ঔষধ খ. ঔষুধ
গ. অষুধ ঘ. ওষুধ উ: ক, ঘ

৩৫. 'পাবক' কোন সন্ধির উদাহরণ?
ক. স্বরসন্ধি খ. ব্যঞ্জন সন্ধি
গ. বিসর্গ সন্ধি ঘ. নিপাতনে সিদ্ধ উ: ক

৪১. 'প্রত্যেক' শব্দের সন্ধি বিচ্ছেদ কোনটি?
ক. প্র + এক খ. প্রতি + এক
গ. প্রত + এক ঘ. প্রতি + ক উ: খ

৪২. 'প্রত্যাবর্তন' শব্দের সন্ধি বিচ্ছেদ–
ক. প্রতি + বর্তন খ. প্রতি + আবর্তন
গ. প্রত্যা + বর্তন ঘ. প্রতিঃ + আবর্তন উ: খ

৪৩. 'পর্যালোচনা' শব্দের সঠিক সন্ধি বিচ্ছেদ–
ক. পর্য + আলোচনা খ. পরি + আলোচনা
গ. পর্যা + লোচনা ঘ. পর্যা + আলোচনা উ: খ

৪৪. 'পর্যন্ত' শব্দের সন্ধি বিচ্ছেদ কোনটি?
ক. পর্য + অন্ত খ. পরি + অন্ত
গ. পর্য + অন্ত ঘ. প + যন্ত উ: খ

৪৫. 'ব্যর্থ' শব্দটির সন্ধি বিচ্ছেদ হলো–
ক. বি + আর্থ খ. ব্য + অর্থ
গ. বি + অর্থ ঘ. ব্যা + অর্থ উ: গ

৪৬. 'বিদ্যালয়' এর সন্ধি বিচ্ছেদ–
ক. বিদ্যা + আলয় খ. বিদ্য + আলয়
গ. বিদ্যা + লয় ঘ. বিদ + আলয় উ: ক

৪৭. 'বারীশ' শব্দের সন্ধি বিচ্ছেদ কোনটি?
ক. বারী + ঈশ খ. বারি + ঈশ
গ. বারী + ইশ ঘ. বারি + ইশ উ: খ

৪৮. 'বনৌষধি' শব্দের সঠিক সন্ধি বিচ্ছেদ–
ক. বন + ওষধি খ. বন্ + ওষধি
গ. বন + ঔষধি ঘ. বনঃ + ওষধি উ: ক

৪৯. 'যাচ্ছেতাই' শব্দটির সটিক সন্ধি বিচ্ছেদ কোনটি?
ক. যাহা + ইচ্ছা + তাহা খ. যাচ্ছে + তাই
গ. যা + ইচ্ছা + তাই ঘ. কোনোটাই নয় উ: গ

৫০. 'রত্নাকর' শব্দটির সন্ধি বিচ্ছেদ–
ক. রত্ন + কর খ. রত্ন + কর
গ. রত্না + আকর ঘ. রত্ন + আকর উ: ঘ

৫১. 'রূপালি' এর সন্ধি বিচ্ছেদ–
ক. রূপা + আলি খ. রূপ + আলি
গ. রূপা + লি ঘ. রূপ + লি উ: ক

৫২. 'রবীন্দ্র' এর সন্ধি বিচ্ছেদ কি?
ক. রবী + দ্র খ. রবি + ঈন্দ্র
গ. রবি + ইন্দ্র ঘ. রব + ইন্দ্র উ: গ

৫৩. কোনটি 'লবণ' এর সন্ধি বিচ্ছেদ?
ক. লো + অন খ. ল + অন
গ. লে + অন ঘ. ল + বন উ: ক

৫৪. 'শীতার্ত'-এর সন্ধি বিচ্ছেদ কোনটি?
ক. শী + তার্ত খ. শীত + আর্ত
গ. শীত + আরত ঘ. শীত + ঋত উ: ঘ

৫৫. 'শশাঙ্ক' শব্দের সন্ধি বিচ্ছেদ কোনটি?
ক. শশ + অঙ্ক খ. শস + অঙ্ক
গ. শশা + অঙ্ক ঘ. শম + অঙ্ক উ: ক

৫৬. নিচের কোন বানানটি শুদ্ধ?
ক. শসাংক খ. শসাঙ্ক
গ. শশাঙ্ক ঘ. শষাঙ্ক উ: গ

৫৭. 'শতেক' শব্দটি কোন ধরনের সন্ধি?
ক. বিসর্গ সন্ধি খ. ব্যঞ্জন সন্ধি
গ. স্বরসন্ধি ঘ. খাঁটি বাংলা স্বরসন্ধি উ: ঘ

৫৮. 'শুভেচ্ছা'র সন্ধি বিচ্ছেদ–
ক. শু + বেচ্ছা খ. শুভ + ইচ্ছা
গ. শুভ + চ্ছ ঘ. শু + ইচ্ছা উ: খ

৫৯. নিচের কোনটি স্বরসন্ধির উদাহরণ?
ক. শিক্ষালয় খ. অহরহ
গ. দিগন্ত ঘ. ইত্যাদি উ: ক

**৬০. 'অ' আর 'উ' মিলে কোনটি হয়েছে?**
ক. সূর্যোদয় খ. নবোঢ়া
গ. যথোচিত ঘ. গঙ্গোর্মি উ: ক

**৬১. সন্ধি বিচ্ছেদ করুন : 'সূর্যোদয়'**
ক. সূর্য + দয় খ. সূর্য + উদয়
গ. সূর্যো + দয় ঘ. সূর্যো + উদয় উ: খ

**৬২. 'স্বাধীন' শব্দটির সন্ধি বিচ্ছেদ কোনটি?**
ক. স + অধিন খ. শ + অধিন
গ. স্ব + অধিন ঘ. স্ব + অধীন উ: ঘ

**৬৩. 'স্বাধীনতা' এর সন্ধি বিচ্ছেদ–**
ক. সু + অধীনতা খ. স + অধীনতা
গ. শ + অধীনতা ঘ. স্ব + অধীনতা উ: ঘ

**৬৪. 'হিতৈষী' শব্দের সন্ধি বিচ্ছেদ?**
ক. হিতৈঃ + ষী খ. হিতৈঃ + ঐষী
গ. হিত + এষী ঘ. হিত + ঐষী উ: গ

**৬৫. কোনটি স্বরসন্ধির উদাহরণ?**
ক. হিমালয় খ. অহরহ
গ. সংসার ঘ. বনস্পতি উ: ক

**৬৬. 'হিমাচল' শব্দের সঠিক সন্ধি বিচ্ছেদ কোনটি?**
ক. হিমা + আচল খ. হিম + আচল
গ. হিম + আঁচল ঘ. হিম + অচল উ: ঘ

**৬৭. নিচের কোন সন্ধি বিচ্ছেদ সঠিক নয়?**
ক. মহা + ঋষি = মহর্ষি খ. শীত + ঋত = শীতার্ত
গ. যথা + এষ্ট = যথেষ্ট ঘ. যথা + উচিত = যথোচিত উ: গ

**৬৮. 'বাগদান' শব্দের সঠিক সন্ধি বিচ্ছেদ করুন :**
ক. বাক্ + দান খ. বাগ + দান
গ. বাঃ + দান ঘ. কোনোটিই নয় উ: ক

**৬৯. 'বিচ্ছেদ' শব্দের সন্ধি বিচ্ছেদ কোনটি?**
ক. বিঃ + ছেদ খ. বি + ছেদ
গ. বিৎ + ছেদ ঘ. বিচ্ + ছেদ উ: খ

**৭০. কোনটি সঠিক সন্ধি বিচ্ছেদ?**
ক. উৎ + শাস = উচ্ছ্বাস খ. উৎ + ডীণ = উড্ডীণ
গ. বৃহৎ + ঢক্কা= বৃহড্ঢক্কা ঘ. লভ্ + ধ = লব্ধ উ: গ

**৭১. কোনটি ব্যঞ্জনসন্ধির উদাহরণ?**
ক. মহা + অর্ঘ খ. ততঃ + অধিক
গ. কোথা + থেকে ঘ. বিপদ্ + জনক উ: ঘ

**৭২. 'মুখচ্ছবি' সন্ধির কোন নিয়মে পড়ে?**
ক. ব্যঞ্জনধ্বনি + ব্যঞ্জনধ্বনি খ. ব্যঞ্জনধ্বনি + স্বরধ্বনি
গ. স্বরধ্বনি + ব্যঞ্জনধ্বনি ঘ. ব্যঞ্জনধ্বনি + বিসর্গধ্বনি উ: গ

**৭৩. 'যজ্ঞ' এর সঠিক সন্ধি বিচ্ছেদ?**
ক. যজ + ঞ খ. যজ্ + ন
গ. যজ্ + জ ঘ. যজ + গ উ: খ

**৭৪. 'রাজ্ঞী' এর সঠিক সন্ধি বিচ্ছেদ কোনটি?**
ক. রাজ্ + নী খ. রাগ্ + নী
গ. রাজ্ + জ্ঞী ঘ. রাগ্ + জ্ঞী উ: ক

**৭৫. সন্ধিঘটিত শুদ্ধ শব্দ–**
ক. আতি + অধিক = অত্যাধিক
খ. অষ্ট + বিংশ = অষ্টবিংশ
গ. শরৎ + চন্দ্র = শরচ্চন্দ্র
ঘ. পর + পর = পরপর উ: গ

**৭৬. 'শান্ত' শব্দের সন্ধি বিচ্ছেদ–**
ক. শান + ত খ. শাঃ + ত
গ. শাম + তহ ঘ. শাম্ + ত উ: ঘ

**৭৭. 'সংসার' এর সন্ধি বিচ্ছেদ–**
ক. সং + সার খ. সাং + সার
গ. সম + সার ঘ. সম্ + সার উ: ঘ

**৭৮. সন্ধি নির্ণয় কর : সংসার = সম্ + সার**
ক. স্বরসন্ধি খ. খাঁটি বাংলা সন্ধি
গ. বিসর্গসন্ধি ঘ. ব্যঞ্জনসন্ধি উ: ঘ

**৭৯. 'সংযম'-এর সন্ধি বিচ্ছেদ হচ্ছে–**
ক. সং + যম খ. সম + যম
গ. সম্ + যম ঘ. সঙ + যম উ: গ

**৮০. 'সংবিধান' শব্দের সঠিক সন্ধি বিচ্ছেদ কোনটি?**
ক. সং + বিধান খ. সং + অবিধান
গ. সম্ + বিধান ঘ. সম + ধান উ: গ

**৮১. 'সংশয়' এর সন্ধি বিচ্ছেদ–**
ক. সৎ + শয় খ. সন + শয়
গ. সম্ + শয় ঘ. সম + শয় উ: গ

**৮২. 'সন্ধান' শব্দের সঠিক সন্ধি বিচ্ছেদ করুন :**
ক. সম্ + ধান খ. সন + ধান
গ. সঃ + ধান ঘ. কোনোটিই নয় উ: ক

**৮৩. 'সন্ধি' শব্দটি গঠিত হয়েছে কোন প্রক্রিয়ায়?**
ক. উপসর্গ খ. সন্ধি
গ. সমাস ঘ. প্রত্যয় উ: খ

**৮৪. 'সন্ধি' শব্দটির সন্ধি বিচ্ছেদ করলে হবে–**
ক. সন + ধি খ. সম + ধি
গ. সম্ + ধি ঘ. সং + ধি উ: গ

**৮৫. 'সংবাদ' এর সন্ধি বিচ্ছেদ কি?**
ক. সং + বাদ খ. সম্ + বাদ
গ. সুম + বাদ ঘ. সু + আবাদ উ: খ

**৮৬. 'সঞ্চয়' এর সন্ধি বিচ্ছেদ কি হবে?**
ক. সন + চয় খ. সম্ + চয়
গ. সঞ + চয় ঘ. সনচ + য় উ: খ

**৮৭. 'সংস্কৃতি' শব্দের ঠিক সন্ধি বিচ্ছেদ কোনটি?**
ক. সং + কৃতি খ. সম্ + কৃতি
গ. সং + স্কৃতি ঘ. সম + স্কৃতি উ: খ

**৮৮. 'সম্ + কার = সংস্কার' কোন সন্ধির অন্তর্ভুক্ত?**
ক. বিসর্গ সন্ধি খ. বিশেষ নিয়মে সাধিত সন্ধি
গ. বিশেষ বিসর্গ সন্ধি ঘ. সম + স্কৃতি উ: খ

**৮৯. নিচের অশুদ্ধ সন্ধি বিচ্ছেদ কোনটি?**
ক. সু + অল্প = স্বল্প
খ. অনু + এষণ = অন্বেষণ
গ. আদ্য + আন্ত = আদ্যন্ত
ঘ. ভৌ + উক = ভাবুক উ: গ

**৯০. কোনটি সন্ধিজাত শব্দ?**
ক. শীতল খ. সংখ্যা
গ. অধিকার ঘ. তোমার উ: খ

**৯১. 'প্রাতরাশ' শব্দের সন্ধি বিচ্ছেদ কোনটি?**
ক. প্রাতঃ + আস খ. প্রাতঃ + রাশ
গ. প্রাতঃ + আশ ঘ. প্রাত + রাশ উ: গ

৯২. 'বাচস্পতি'—শব্দের সন্ধি বিচ্ছেদ কোনটি?
ক. বাচ + পতি খ. বাচঃ + পতি
গ. বাচস্ + পতি ঘ. বাচসঃ + পতি উ: খ

৯৩. 'ভূয়োদর্শী' এর সঠিক সন্ধি বিচ্ছেদ কোনটি?
ক. ভূয় + দর্শী খ. ভূয়ঃ + দর্শী
গ. ভূয়ো + দর্শী ঘ. ভূয়োঃ + দর্শী উ: খ

৯৪. কোনটি শুদ্ধ বানান?
ক. শিরচ্ছেদ খ. শিরোচ্ছেদ
গ. শিরশ্ছেদ ঘ. শিরাচ্ছেদ উ: গ

৯৫. 'সদ্যোজাত' শব্দের সন্ধি বিচ্ছেদ—
ক. সদ্য + জাত খ. সদ্যঃ + জাত
গ. সদ্যা + জাত ঘ. সদা + জাত উ: খ

৯৬. নিচের কোন শব্দটি সন্ধিঘটিত অশুদ্ধির উদাহরণ?
ক. সদ্যজাত খ. হস্তীপদ
গ. কল্যাণ ঘ. নেতৃবৃন্দ উ: ক

৯৭. কোনটি শুদ্ধ বানান?
ক. সদ্যজাত খ. সদ্দোজাত
গ. সদ্যোজাত ঘ. সদ্যজাত উ: গ

৯৮. সন্ধিঘটিত শুদ্ধ শব্দ—
ক. অতিহ + অধিক = অত্যধিক
খ. অগ্নি + উৎপাত = অগ্নুপাত
গ. প্রশ্ন + আবলি = প্রশ্নাবলী
ঘ. চতুঃ + অঙ্গ = চতুরঙ্গ উ: ঘ

৯৯. 'বৃহৎ + পতি = বৃহস্পতি'—এটি কোন নিয়মের দৃষ্টান্ত?
ক. বিসর্গ সন্ধি খ. ব্যঞ্জন সন্ধি
গ. নিপাতনে সিদ্ধ ঘ. স্বরসন্ধি উ: গ

১০০. 'মনঃকষ্ট' এর সন্ধি বিচ্ছেদ—
ক. মনস + কষ্ট খ. মনো + কষ্ট
গ. মনোহ + কষ্ট ঘ. মনঃ + কষ্ট উ: ঘ

১০১. কোন বানানটি শুদ্ধ?
ক. মনোকষ্ট খ. মনঃকষ্ট
গ. মণকষ্ট ঘ. মনকস্ট উ: খ

১০২. কোন বানানটি শুদ্ধ?
ক. মনঃক্ষুণ্ন খ. মনক্ষুণ্ন
গ. মনোক্ষুণ্ন ঘ. মনোক্ষুণ্ণ উ: ক

১০৩. 'ষোড়শ' শব্দের সন্ধি বিচ্ছেদ কোনটি?
ক. ষট্ + দশ খ. সড় + শ
গ. সোড় + অশ ঘ. ষোড় + শ উ: ক

১০৪. নিপাতনে সিদ্ধ সন্ধি কোনটি?
ক. বাক্ + দান = বাগদান খ. জল + ওকা = জলৌকা
গ. নিঃ + রব = নীরব ঘ. ষট্ + দশ = ষোড়শ উ: ঘ

১০৫. নিপাতনে সিদ্ধ সন্ধির প্রয়োগ কোনটি?
ক. স্বৈর খ. পশ্বধম
গ. হিংস ঘ. ক ও খ উ: ক

১০৬. 'সীমন্ত' শব্দটির সন্ধি বিচ্ছেদ—
ক. সীমা + অন্ত খ. সী + অন্ত
গ. সীম অন্ত ঘ. সীমন্ + অন্ত উ: ঘ

১০৭. কোনটি ঠিক নয়?
ক. চতুর্থ = চতুঃ + থ খ. সতীশ = সতি + ঈশ
গ. দুগ্ধ = দুহ্ + ত ঘ. নিষ্কর = নিঃ + কর উ: খ

১০৮. কোনটি শুদ্ধ বানান?
ক. নিশীথ খ. নিশিথ
গ. নীশীথ ঘ. নীশিথ উ: ক

১০৯. কোনটি শুদ্ধ বানান?
ক. ব্যতীত খ. ব্যতিত
গ. ব্যাতীত ঘ. ব্যতিত উ: ক

১১০. কোনটি শুদ্ধ বানান?
ক. ব্যকুল খ. ব্যাকুল
গ. ব্যাকূল ঘ. ব্যকূল উ: খ

১১১. কোনটি শুদ্ধ বানান?
ক. ভবিষ্যৎবাণী খ. ভবিষ্যদ্বাণী
গ. ভবিষ্যৎবানী ঘ. ভবিষ্যতবাণী উ: খ

১১২. কোনটি শুদ্ধ বানান?
ক. রৌদ্রকরজ্জল খ. রৌদ্রকরোজ্জ্বল
গ. রৌদ্রকরজ্জ্বল ঘ. রৌদ্রকরোজ্জল উ: খ

১১৩. কোনটি শুদ্ধ বানান?
ক. শারীরীক খ. শারীরিক
গ. শারিরিক ঘ. শারিরীক উ: খ

১১৪. সঠিক বানান কোনটি?
ক. কূসংস্কার খ. কুসংকার
গ. কুসংস্কার ঘ. কূশংস্কার উ: গ

১১৫. কোন বানানটি শুদ্ধ?
ক. সংসপ্তক খ. সংশপ্তক
গ. শংসপ্তক ঘ. শংশপ্তক উ: খ

১১৬. নিচের কোন বানানটি শুদ্ধ?
ক. গোধূলী খ. গোধুলি
গ. গোধূলি ঘ. গোধুলী উ: গ

১১৭. কোন বানানটি শুদ্ধ?
ক. শুশ্রূষা খ. সুশ্রূষা
গ. শূশ্রুষা ঘ. শুশ্রুসা উ: ক

১১৮. কোন বানানটি শুদ্ধ?
ক. সমভিব্যহারে খ. সমবিব্যাহারে
গ. সমভিব্যাহারে ঘ. সমবিব্যহারে উ: গ

১১৯. নিচের কোনটি শুদ্ধ?
ক. সৌমীজন্নতা খ. সৌজন্যতা
গ. সৌজন্ন ঘ. সৌজন্য উ: ঘ

১২০. শুদ্ধ বানানের শব্দগুচ্ছ—
ক. স্বায়ত্তশাসন, আভ্যন্তর, জন্মবার্ষিক
খ. ঐক্যতান, কেবলমাত্র, উপরোক্ত
গ. যশলাভ, সদ্যোজাত, সম্বর্ধনা
ঘ. ভবিষ্যত, ভৌগলিক, যক্ষা উ: ক

১২১. ভুল বানান কোনটি?
ক. সমিতি খ. জ্যামিতি
গ. প্রকৃতি ঘ. প্রতিতি উ: ঘ

১২২. ভুল বানান কোনটি?
ক. সমিতি খ. প্রতীতি
গ. জামিতি ঘ. প্রকৃতি উ: গ

১২৩. কোনটি শুদ্ধ?
ক. উপরেউক্ত খ. উপরোক্ত
গ. উপর্যুক্ত ঘ. উপরুক্ত উ: গ

**১২৪. কোন বানানটি সঠিক?**
ক. ধাঁধাঁ খ. ধাধা
গ. ধাধাঁ ঘ. ধাঁধা উ: ঘ

**১২৫. কোনটি শুদ্ধ শব্দ?**
ক. স্বশুর খ. শ্বসুর
গ. শশুর ঘ. শ্বশুর উ: ঘ

**১২৬. সঠিক বানান কোনটি?**
ক. শ্বাসুড়ি খ. শ্বাশুড়ী
গ. শাশুড়ি ঘ. শাশুড়ী উ: গ

**১২৭. কোনটি শুদ্ধ?**
ক. শ্বাস্বত খ. শাশ্বত
গ. শ্বাশদ ঘ. স্বাসত উ: খ

**১২৮. ব্যাকরণগত বিবেচনায় শুদ্ধ শব্দটি নির্ণয় করুন–**
ক. আয়ত্তাধীন খ. আয়ত্ত
গ. আয়ত্ত্ব ঘ. আয়ত্ত্বাধীন উ: খ

**১২৯. কোনটি শুদ্ধ?**
ক. সারথী খ. সারথি
গ. সাড়থী ঘ. সাড়থি উ: খ

**১৩০. শুদ্ধ শব্দগুচ্ছ শনাক্ত করুন–**
ক. স্বচ্ছন্দ, স্বচ্ছ, শিরোচ্ছেদ
খ. ধৈর্য্য, স্থৈযতা, সখ্যতা
গ. একত্রিত, অধীনস্থ, ভাষাভাষী
ঘ. জন্মবার্ষিক, পরিষ্কার, পুরস্কার উ: ঘ

**১৩১. নিচের অশুদ্ধ বানানটি শনাক্ত করুন–**
ক. কিম্ভূত খ. উদ্ভূত
গ. অদ্ভুত ঘ. অভূতপূর্ব উ: গ

**১৩২. শুদ্ধ বানান কোনটি?**
ক. পুরস্কার খ. পুরঃস্কার
গ. পুরস্কার ঘ. পুরুস্কার উ: গ

**১৩৩. নিম্নের কোন বানানটি অশুদ্ধ?**
ক. ব্রাক্ষণ খ. মনকষ্ট
গ. দারিদ্র্য ঘ. সমীচীন উ: খ

**১৩৪. কোনটি সঠিক শব্দ?**
ক. আপদমস্তক খ. আপাদমস্তক
গ. আপদমস্ত ঘ. আপাদমস্ত উ: খ

**১৩৫. কোনটি সঠিক?**
ক. ভদ্রতাচিত খ. ভদ্রচিত
গ. ভদ্রাচিত ঘ. ভদ্রতচিত উ:
**ব্যাখ্যা :** শুদ্ধ বানান : ভদ্রোচিত।

**১৩৬. কোন বানানটি শুদ্ধ?**
ক. শীতাতপ খ. শীততাপ
গ. শিততাপ ঘ. শিতাতপ উ: ক

**১৩৭. কোন বানানটি শুদ্ধ নয়?**
ক. দরিদ্রতা খ. উপযোগিতা
গ. শ্রদ্ধাঞ্জলি ঘ. উর্দ্ধ উ: ঘ
**ব্যাখ্যা :** শুদ্ধ বানান : ঊর্ধ্ব।

**১৩৮. শুদ্ধ বানান কোনটি?**
ক. অপরাহ্ন খ. অপরাহ্ণ
গ. অপরাণ্য ঘ. অপরান্য উ: খ

**১৩৯. শুদ্ধ শব্দ কোনটি?**
ক. ব্যাকরণবিদ খ. বৈয়াকরণ
গ. ব্যাকরণিক ঘ. বৈয়াকরণিক উ: খ

**১৪০. কোন ত্রয়ীর বানান শুদ্ধ?**
ক. বিমর্ষ, মুমূর্ষু, সংঘর্ষ
খ. জায়মান, জম্বুবান, ভ্রাম্যমান
গ. বিঘুণ, বিঘোষণ, বিমদর্ণ
ঘ. সত্তেও, সাত্বিক, সত্তা উ: ক

**১৪১. কোন বানানটি শুদ্ধ?**
ক. মনমুগ্ধকর খ. মনোমুগ্ধকর
গ. মনোঃমুগ্ধকর ঘ. মনোমুগ্ধঃকর উ: খ

**১৪২. কোন বানানটি শুদ্ধ?**
ক. সোন্দর্য খ. সৌন্দর্য
গ. সোন্দ্যর্য ঘ. সৌন্দর্য্য উ: খ

**১৪৩. কোনটি শুদ্ধ বানান?**
ক. অগ্নিবীণা খ. অগ্নীবিণা
গ. অগ্নীবীনা ঘ. অগ্নিবিণা উ: ক

**১৪৪. নিচের কোনটি সঠিক নয়?**
ক. পরিষ্কার খ. নমস্কার
গ. হিরন্ময় ঘ. দুষ্কর উ: গ

**১৪৫. নিচের কোনটি অশুদ্ধ?**
ক. অহিংস-সহিংস খ. প্রসন্ন-বিষণ্ন
গ. দোষী-নির্দোষী ঘ. নিষ্পাপ-পাপিনী উ: গ

**১৪৬. কোন শব্দটি শুদ্ধ বানানে লেখা হয়েছে?**
ক. শূণ্য খ. ত্রিভুজ
গ. পূন্য ঘ. ভূবন উ: খ

**১৪৭. প্রমিত বানানরূপ–**
ক. গলাধঃকরণ খ. গলধকরণ
গ. গলধঃকরণ ঘ. গলাধকরণ উ: ক

**১৪৮. শুদ্ধ বানান কোনটি?**
ক. সমীচিন খ. ভবিষ্যৎ
গ. আশির্বাদ ঘ. দীর্ঘজীবী উ: খ, ঘ

**১৪৯. শুদ্ধ বানান কোনটি?**
ক. অনুশাসন খ. অনুসাশন
গ. অনুশাসণ ঘ. অনুশাসন উ: ঘ

**১৫০. কোনটি শুদ্ধ বানান?**
ক. প্রত্যুদগমন খ. প্রত্যুৎগমন
গ. প্রত্যুতগমন ঘ. প্রত্যুদগমণ উ: ক

**১৫১. কোন শব্দটির বানান ঠিক?**
ক. প্রতিযোগীতা খ. ভৌগলিক
গ. গুণীজন ঘ. মধ্যাহ্ন উ: ঘ

**১৫২. নিচের কোন বানানটি ভুল?**
ক. মুহূর্ত খ. শুশ্রূষা
গ. বুদ্ধিজীবি ঘ. দারিদ্র্য উ: গ

**১৫৩. কোন বানানটি শুদ্ধ?**
ক. সচ্ছল খ. সচ্ছ্বল
গ. স্বচ্ছল ঘ. স্বচ্ছ্বল উ: ক

**১৫৪. কোন শব্দগুচ্ছ শুদ্ধ?**
ক. আয়ত্তাধীন, অহোরাত্রি, অদ্যপি
খ. গড্ডালিকা, চিন্ময়, কল্যান
গ. গৃহস্ত, গণনা, ইদানিং
ঘ. আবশ্যক, মিথস্ক্রিয়া, গীতালি উ: ঘ

**১৫৫. কোনটি শুদ্ধ বানান?**
ক. প্রজ্বল খ. প্রোজ্জ্ব
গ. প্রোজ্বল ঘ. প্রোজ্জ্বল উ: ঘ

**১৫৬. শুদ্ধ বানান কোনটি?**
ক. আসক্তী খ. আসক্তি
গ. আশক্তি ঘ. আষক্তি উ: খ

**১৫৭. শুদ্ধ বানানগুচ্ছ কোনটি?**
ক. মহত্ত, মহিয়সী, পক্ব খ. মরুদ্যান, ভস্ম, উচ্ছাস
গ. সমীচীন, সংশ্রব, সত্তা ঘ. অপরাহ্ন, সস্ত্রীক, পূণ্য উ: গ
**ব্যাখ্যা :** শুদ্ধ বানান : মহত্ত্ব, মহীয়সী, মরুদ্যান, ভস্ম, উচ্ছ্বাস, অপরাহ্ণ।

**১৫৮. কোন বানানটি সঠিক?**
ক. বিভতিভূষণ খ. বিভূতিভুষণ
গ. বিভূতিভূষণ ঘ. বিভূতিভূষন উ: গ

**১৫৯. কোন বানানটি শুদ্ধ?**
ক. ততকালিণ খ. ততকালীণ
গ. তথকালীণ ঘ. তৎকালীন উ: ঘ

**১৬০. শুদ্ধ শব্দ কোনটি?**
ক. ঐক্যমত খ. লক্ষণীয়
গ. খৃষ্টাব্দ ঘ. অচিন্ত্যনীয় উ: খ
**ব্যাখ্যা :** শুদ্ধ শব্দ : ঐকমত্য, খ্রিষ্টাব্দ, অচিন্তনীয়।

**১৬১. নিচের কোন বানানটি সঠিক?**
ক. পরিস্কার খ. পরিস্কার
গ. পরিশকার ঘ. পরি:স্কার উ: ক

**১৬২. কোন বানানটি শুদ্ধ?**
ক. শ্রদ্ধাঞ্জলী খ. চাকচক্য
গ. মোহনা ঘ. যুবতী উ: গ

**১৬৩. কোন বাক্যটি শুদ্ধ?**
ক. তুমি কি ঢাকা যাবে? খ. তোমরা কী ঢাকায় যাবে?
গ. তোমরা কী ঢাকা যাবে? ঘ. তুমি কী ঢাকা যাবে? উ: ক

**১৬৪. কোন বাক্যটি শুদ্ধ?**
ক. রহিমা পাগলি হয়ে গেছে খ. রহিমা পাগল হয়ে গেছে
গ. রহিমা পাগলিনী হয়ে গেছে ঘ. রহিমা পাগলী হয়ে গেছে উ: খ

**১৬৫. কোন বাক্যটি শুদ্ধ?**
ক. ইহার আবশ্যক নাই খ. বুনো ওল, বাঘা তেঁতুল
গ. বুনো কচু, বাঘা তেঁতুল ঘ. ইহা প্রমাণ হইয়াছে উ: খ

**১৬৬. 'রচনাটির উৎকর্ষতা অনস্বীকার্য' বাক্যটির শুদ্ধরূপ কোনটি?**
ক. রচনাটির উৎকর্ষ অনস্বীকার্য
খ. রচনাটির উৎকর্ষতা অনস্বীকার্য
গ. রচনাটির উকর্স অনস্বীকার্য
ঘ. রনচাটির উৎকর্শ অনস্বীকার্য উ: ক

**১৬৭. 'সকল সভ্যগণ এখানে উপস্থিত ছিলেন' বাক্যটির শুদ্ধ রূপ কোনটি?**
ক. সকল সভ্যগণ এখানে উপস্থিত ছিলেন
খ. সকল সভ্য এখানে উপস্থিত ছিলেন
গ. সভ্যগণ এখানে উপস্থিত ছিলেণ
ঘ. খ, গ উভয়েই উ: ঘ

**১৬৮. কোন বাক্যটি শুদ্ধ?**
ক. সেদিন থেকে তিনি সেখানে আর যায় না
খ. তার কথা শুনে আমি আশ্চর্যান্বিত হলাম
গ. তোমার পরশ্রীকাতরতায় আমি মুগ্ধ
ঘ. আপনি স্বপরিবারে আমন্ত্রিত উ: খ

**১৬৯. কোনটি শুদ্ধ বাক্য?**
ক. আমার বড় দুরাবস্থা খ. আমার বড় দুরবস্থা
গ. আমার বড় দূরবস্থা ঘ. আমার বড় দূরাবস্থা উ: খ

**১৭০. কোনটি ভুল বাক্য?**
ক. দীনতা সব সময় ভাল নয়
খ. দেশের দারিদ্র দূর করতে হবে
গ. সময় বড় সংক্ষিপ্ত
ঘ. এখানে প্রবেশ নিষিদ্ধ উ: খ

**১৭১. নিচের কোন বাক্যটি শুদ্ধ?**
ক. কারো ফাগুন মাস, কারো সর্বনাশ
খ. সে প্রাণিবিদ্যায় দুর্বল
গ. আগত শনিবার কলেজ বন্ধ থাকবে
ঘ. বিধি লঙ্ঘিত হয়েছে উ: খ, ঘ

**১৭২. 'মাণিক্য' শব্দে 'ণ' বসেছে ণ-ত্ব বিধানের কোন নিয়মে?**
ক. 'ম' বর্ণের পরে 'ণ' হয়
খ. 'ক' বর্ণ এবং 'ম' বর্ণের মাঝে 'ণ' হয়
গ. 'ক' বর্ণের পূর্বে 'ণ' হয়
ঘ. স্বভাবতই 'ণ' হয় উ: ঘ

**১৭৩. কোনটি নিত্য মূর্ধন্য-ণ বাচক শব্দ?**
ক. পুণ্য খ. গ্রহণ
গ. স্মরণ ঘ. অর্পণ উ: ক

**১৭৪. নিচের কোন বানানে নিত্যই মূর্ধন্য-ণ হবে?**
ক. বেণু খ. পরিমাণ
গ. দর্পণ ঘ. ঘণ্টা উ: ক

**১৭৫. নিচের কোন শব্দে নিত্য মূর্ধন্য-ণ হয়?**
ক. বর্ণনা খ. শাণিত
গ. হরিণ ঘ. বণ্টন
ঙ. কোনোটিই নয় উ: ঙ

**১৭৬. অশুদ্ধ বানান-জোড় কোনটি?**
ক. পুরস্কার, পরিষ্কার খ. অত্যধিক, আকাঙ্ক্ষা
গ. লবন, স্থানু ঘ. ওজোন, অস্ত্রোপচার উ: গ

**১৭৭. শুদ্ধ বানান কোনটি?**
ক. গূনগ্রাহী খ. গুনগ্রাহি
গ. গূণগ্রাহী ঘ. গুণগ্রাহী উ: ঘ

**১৭৮. কোন বানানটি শুদ্ধ?**
ক. গননা খ. গনণা
গ. গণনা ঘ. গণণা উ: গ

**১৭৯. ণ-ত্ব বিধান অনুসারে নিচের কোন বানানটি অশুদ্ধ?.**
ক. পুরণো খ. নিরূপণ
গ. গ্রহণ ঘ. রূপায়ণ উ: ক

**১৮০. ণত-ত্ব বিধি অনুসারে কোন বানানটি ভুল?**
ক. পুরোনো খ. ধরন
গ. কেরাণি ঘ. রূপায়ণ উ: গ

**১৮১. 'ষ' বর্ণটি কোন শব্দে প্রয়োগ হয়?**
ক. তৎসম খ. দেশি
গ. তদ্ভব ঘ. অর্ধ-তৎসম উ: ক

**১৮২. কোন শব্দে ভুল বানান রয়েছে?**
ক. চতুস্পদ খ. নিষ্পত্তি
গ. বৃহস্পতি ঘ. শ্রদ্ধাস্পদ
ঙ. দুস্প্রাপ্য উ: ঙ

**১৮৩. শুদ্ধ বানান কোনটি?**
ক. পুরষ্কার　খ. পুরঃস্কার
গ. পুরস্কার　ঘ. পুরুস্কার　উ: গ

**১৮৪. নিচের কোন বানানটি শুদ্ধ?**
ক. অত্যাধিক　খ. আদক্ষ্যর
গ. আবিষ্কার　ঘ. অদ্যপি　উ: গ

**১৮৫. শুদ্ধ বানান নির্ণয় কর–**
ক. তিরস্কার　খ. তিরষ্কার
গ. তীরস্কার　ঘ. তীরষ্কার　উ: ক

**১৮৬. কোন বানানটি অশুদ্ধ?**
ক. আবিষ্কার　খ. পরিষ্কার
গ. বহিষ্কার　ঘ. পুরষ্কার
ঙ. তিরষ্কার　উ: ঘ

**১৮৭. স্বভাবতই মূর্ধন্য-ষ ব্যবহারের উদাহরণ?**
ক. প্রতিষ্ঠান　খ. নষ্ট
গ. সুষুপ্ত　ঘ. রোষ　উ: ঘ

**১৮৮. কোন দুটিতে স্বভাবতই 'ণ' ও 'ষ' হয়েছে?**
ক. রামায়ণ, উৎকৃষ্ট　খ. বর্ণনা, অনুষঙ্গ
গ. কৃপণ, মুমূর্ষু　ঘ. গণনা, পাষাণ　উ: ঘ

**১৮৯. কোন বানানটি খাঁটি ষ-ত্ব বিধানের উদাহরণ?**
ক. বিশেষণ　খ. ষোড়শ
গ. ভূষণ　ঘ. স্পষ্ট　উ: খ

**১৯০. নিচের কোন শব্দে স্বভাবগত নিয়মে 'ষ' বসেছে?**
ক. কৃষক　খ. ঋষি
গ. ষড়ঋতু　ঘ. কাষ্ঠ　উ: গ

**১৯১. কোনটি নিত্য মূর্ধন্য-ষ বাচক শব্দ?**
ক. পরিষ্কার　খ. তৃষ্ণা
গ. ভাষা　ঘ. বৃষ্টি　উ: গ

**১৯২. ষ-ত্ব বিধানের ব্যতিক্রম কোনটি?**
ক. ভাষা　খ. অফিস
গ. সুষ্ঠু　ঘ. দুষ্কর　উ: ক

**১৯৩. কোন বানানটি শুদ্ধ?**
ক. অগ্রহায়ন　খ. অগ্রহায়ণ
গ. অগ্রাহণ　ঘ. আগ্রাহায়ণ　উ: খ

**১৯৪. কোনটি বানানে ণ-ত্ব বিধান পালিত হয়নি?**
ক. কোরান　খ. শ্রবণ
গ. বেণী　ঘ. গণ　উ: ক

**১৯৫. কোনটি শুদ্ধ বানান?**
ক. আনুষঙ্গিক　খ. আনুসঙ্গিক
গ. অনুষঙ্গিক　ঘ. আনূষঙ্গিক　উ: ক

**১৯৬. কোনটি শুদ্ধ বানান?**
ক. দুস্প্রাপ্য　খ. দূস্প্রাপ্য
গ. দূষ্প্রাপ্য　ঘ. দুষ্প্রাপ্য　উ: ঘ

**১৯৭. 'পরীক্ষা' সন্ধি বিচ্ছেদ কী হবে?**
ক. পরী + ঈক্ষা　খ. পরি + ইক্ষা
গ. পরী + ইক্ষা　ঘ. পরি + ঈক্ষা　উ: ঘ

**১৯৮. 'পুরাধ্যক্ষ' শব্দটির সঠিক সন্ধি বিচ্ছেদ কোনটি?**
ক. পুর + আধ্যক্ষ　খ. পুর + অধ্যক্ষ
গ. পুরা + অধ্যক্ষ　ঘ. পুরা + আধ্যক্ষ　উ: খ

**১৯৯. 'প্রত্যুক্তি' শব্দের সন্ধি বিচ্ছেদ–**
ক. প্র + উক্তি　খ. প্রতি + উক্তি
গ. প্রো + যুক্তি　ঘ. প্রতঃ + উক্তি　উ: খ

**২০০. 'পর্যায়' শব্দটির সন্ধি বিচ্ছেদ–**
ক. পর + যায়　খ. পর + আয়
গ. পরি + আয়　ঘ. পরি + যায়　উ: গ

**২০১. 'পর্যবেক্ষণ' সন্ধি বিচ্ছেদ–**
ক. পর + বেক্ষণ　খ. পরি + বেক্ষণ
গ. পর + অবেক্ষণ　ঘ. পরি + অবেক্ষণ　উ: ঘ

**২০২. 'পশু + অধম' এর সন্ধিসাধিত রূপ কোনটি?**
ক. পশ্বধম　খ. পশ্যাধম
গ. পশ্বাধম　ঘ. পশুধম　উ: গ

**২০৩. 'পিত্রালয়' শব্দের সন্ধি বিচ্ছেদ হচ্ছে–**
ক. পিতা + আলয়　খ. পিতৃ + আলয়
গ. পিত্রা + লয়　ঘ. পিত্রি + আলয়　উ: খ

**২০৪. 'পিত্রাদেশ' শব্দের সন্ধি বিচ্ছেদ হলো–**
ক. পিতঃ + আদেশ　খ. পিতা + আদেশ
গ. পিত্র + আদেশ　ঘ. পিতৃ + আদেশ　উ: ঘ

**২০৫. 'ভূর্ধ্ব' এর সন্ধি বিচ্ছেদ কি?**
ক. ভু + উর্ধ্ব　খ. ভূ + উর্ধ্ব
গ. ভূ + র্ধ্ব　ঘ. ভূদ + উর্ব　উ: খ

**২০৬. 'ভাবুক' শব্দের সন্ধি বিচ্ছেদ কোনটি?**
ক. ভৌ + উক　খ. ভো + উক
গ. ভাব + উক　ঘ. ভৌ + অক　উ: ক

**২০৭. 'মহৌষধি' শব্দের সঠিক সন্ধি কোনটি?**
ক. মহা + ঔষধি　খ. মহা + ঔষধি
গ. মহাঃ + ওষধি　ঘ. মহা + ওষধি　উ: ঘ

**২০৮. 'মরূদ্যান' শব্দের সন্ধি বিচ্ছেদ–**
ক. মরু + দ্যান　খ. মরু + উদ্যান
গ. মরু + উদ্যান　ঘ. মরূ + দ্যান　উ: খ

**২০৯. 'মাত্রাধিক্য' শব্দটির সন্ধি বিচ্ছেদ কী রকম?**
ক. মাতৃ + আধিক্য　খ. মাত্র + অধিক্য
গ. মাত্র + আধিক্য　ঘ. মাত্রা + আধিক্য　উ: ঘ

**২১০. 'মহর্ষি' শব্দের সঠিক সন্ধি কোনটি?**
ক. মহ + আর্ষি　খ. মহা + ঋষি
গ. মহা + অর্ষি　ঘ. মহো + ঋষি　উ: খ

**২১১. 'মহৈশ্বর্য' এর সন্ধি বিচ্ছেদ কোনটি?**
ক. মহা + ঐশ্বর্য　খ. মহ + ঐশ্চর্য
গ. মহৈ + ঐশ্বর্য　ঘ. মহো + ঐশ্বর্য　উ: ক

**২১২. 'মতৈক্য' শব্দের সঠিক সন্ধি বিচ্ছেদ কোনটি?**
ক. মতঃ + এক　খ. মতঃ + ঐক্য
গ. মত + এক　ঘ. মত + ঐক্য　উ: ঘ

**২১৩. 'মন্বন্তর' শব্দের সন্ধি বিচ্ছেদ–**
ক. মন + অন্তর　খ. মনন + তর
গ. মনু + অন্তর　ঘ. মম্বন + তর　উ: গ

**২১৪. 'মাথায়' শব্দটির সঠিক সন্ধি বিচ্ছেদ কোনটি?**
ক. মাথা + আয়　খ. মাথা + য়
গ. মাথা + অয়　ঘ. মাথা + এ　উ: ঘ

**২১৫. 'মস্যাধার' শব্দের সন্ধি বিচ্ছেদ কর–**
ক. মস্যা + আধার　খ. মসা + আধার
গ. মসী + আধার　ঘ. মস্যি + আধার　উ: গ

২১৬. 'মিথ্যুক' এর সন্ধি বিচ্ছেদ কোনটি?
ক. মিথ্যা + ঔক খ. মিথ্যা + উক
গ. মিথ্যা + উক ঘ. মিথ্যা + ওক উ: খ

২১৭. 'সুধীন্দ্র' এর সন্ধি বিচ্ছেদ কোনটি?
ক. সুধি + ইন্দ্র খ. সুধী + ইন্দ্র
গ. সুধী + ঈন্দ্র ঘ. সুধ + ইন্দ্র উ: খ

২১৮. 'সতীন্দ্র' শব্দের গঠিত সন্ধি বিচ্ছেদ কোনটি হবে?
ক. সতি + ঈন্দ্র খ. সতী + ইন্দ্র
গ. সতী + ঈন্দ্র ঘ. সতী + ন্দ্র উ: খ

২১৯. 'স্বেচ্ছা' শব্দের সন্ধি বিচ্ছেদ কোনটি?
ক. সে + চ্ছা খ. স্ব + ঈচ্ছা
গ. স্ব + ইচ্ছা ঘ. স্বে + চ্ছা উ: গ

২২০. 'স্বাগত' এর সন্ধি বিচ্ছেদ কী?
ক. সু + আগত খ. স্বা + গত
গ. সু + গত ঘ. সা + আগত উ: ক

২২১. 'স্বায়ত্ত' শব্দের সন্ধি বিচ্ছেদ কোনটি?
ক. স্বা + আয়ত্ব খ. স্বা + অয়ত্ব
গ. স্বা + আয়ত্ত্ব ঘ. স্ব + আয়ত্ত উ: ঘ

২২২. 'বিচ্ছিন্ন' শব্দের সন্ধি বিচ্ছেদ কোনটি?
ক. বিচ + ছিন্ন খ. বি + ছিন্ন
গ. বিৎ + চ্ছিন্ন ঘ. বিৎ + ছিন্ন উ: খ

২২৩. 'বিমুগ্ধ' শব্দটি ব্যাকরণের কোন নিয়মে গঠিত হয়েছে?
ক. উপসর্গযোগে খ. সন্ধিযোগে
গ. প্রত্যয়যোগে ঘ. সমাসযোগে উ: খ

২২৪. 'বিমুগ্ধ' শব্দের সন্ধি বিচ্ছেদ কোনটি?
ক. বিমুহ্ + ত = বিমুগ্ধ খ. বিমুগ্ + ধ = বিমুগ্ধ
গ. বিমুখ + ধ = বিমুগ্ধ ঘ. বিমুঃ + ধ = বিমুগ্ধ উ: ক

২২৫. 'বৃষ্টি' এর সন্ধি বিচ্ছেদ কি হবে?
ক. বৃষ + টি খ. বৃশ + টি
গ. বৃ + টি ঘ. বৃষ্ + তি উ: ঘ

২২৬. কোনটি শুদ্ধ বানান?
ক. ভবিষ্যৎবাণী খ. ভবিষ্যদ্বাণী
গ. ভবিষ্যৎবানী ঘ. ভবিস্যতবাণী উ: খ

২২৭. 'মৃদঙ্গ' শব্দটির সন্ধি বিচ্ছেদ কোনটি?
ক. মৃৎ + অঙ্গ খ. মৃদং + গ
গ. মৃদ + অশ ঘ. মৃদঙ + অঙ্গ উ: ক

২২৮. 'ষড়ানন' এর সঠিক সন্ধি বিচ্ছেদ কোনটি?
ক. ষড়া + আনন খ. ভষড় + আনন
গ. ষট্ + আনন ঘ. ষড়া + নন উ: গ

২২৯. 'ষড়ঋতু' শব্দের সন্ধি বিচ্ছেদ–
ক. ষড় + ঋতু খ. ষড়্ + ঋতু
গ. ষট + ঋতু ঘ. ষট্ + ঋতু উ: ঘ

২৩০. 'সংখ্যা' এর সটিক সন্ধি বিচ্ছেদ :
ক. সম্ + খ্যা খ. সমঃ + খা
গ. সম্ + খা ঘ. সং + খা উ: ক

২৩১. 'সংগীত' এর শুদ্ধ সন্ধি বিচ্ছেদ কোনটি?
ক. সং + গীত খ. সং + গিত
গ. সম্ + গিত ঘ. সম্ + গীত উ: ঘ

২৩২. 'সন্তাপ' শব্দটির সন্ধি বিচ্ছেদ কোনটি?
ক. সন + তাপ খ. সম্ + তাপ
গ. সণ + তাপ ঘ. সমঃ + তাপ উ: খ

২৩৩. 'সংস্কৃত' এর সন্ধি বিচ্ছেদ কোনটি?
ক. সং + স্কৃত খ. সং + কৃত
গ. সম + স্কৃত ঘ. সম্ + কৃত উ: ঘ

২৩৪. 'সংশপ্তক' শব্দের সন্ধি বিচ্ছেদ–
ক. সম্ + শপ্তক খ. সং + শপ্তক
গ. সম + শপ্ত + ক ঘ. সং + শপ্ত + এক উ: ক

২৩৫. সম্ + চয় = সঞ্চয়, এটি কোন সন্ধি?
ক. বিসর্গ খ. স্বর
গ. ব্যঞ্জন ঘ. কোনোটিই নয় উ: গ

২৩৬. সম্ + হার এর সন্ধি কোনটি?
ক. সমহার খ. সংহার
গ. সঙগার ঘ. সঙহার উ: খ

২৩৭. 'সদানন্দ' সন্ধি বিচ্ছেদ হল–
ক. সদ + আনন্দ খ. সদা + নন্দ
গ. সৎ + আনন্দ ঘ. সদ + অ + নন্দ উ: গ

২৩৮. 'সন্নিহিত' শব্দের সন্ধি বিচ্ছেদ–
ক. সং + নিহিত খ. সম্ + নিহিত
গ. সৎ + নিহিত ঘ. সন্ + নিহিত উ: খ

২৩৯. 'সুবন্ত' এর সন্ধি বিচ্ছেদ–
ক. সুব + অন্ত খ. সুপ্ + অন্ত
গ. সুভ + অন্ত ঘ. সসু + অন্ত উ: খ

২৪০. 'ভ্রাতুষ্পুত্র' সন্ধি বিচ্ছেদ করলে পাওয়া যায়–
ক. ভ্রাত + পুত্র খ. ভ্রাতঃ + পুত্
গ. ভ্রাতুঃ + পুত্র ঘ. ভ্রাতু + পুত্র উ: গ

২৪১. 'মনোয়ন' এর সন্ধি বিচ্ছেদ কোনটি?
ক. মনন + অয়ন খ. মন + নয়ন
গ. মনঃ + নয়ন ঘ. মনো + নয়ন উ: গ

২৪২. 'মনোযোগ' শব্দটি কোন সন্ধিতে গঠিত?
ক. স্বরসন্ধি খ. ব্যঞ্জন সন্ধি
গ. বিসর্গ সন্ধি ঘ. নিপাতনে সিদ্ধ উ: গ

২৪৩. 'মনোযোগ' শব্দের সঠিক সন্ধি কোনটি?
ক. মন + যোগ খ. মন + উৎ + যোগ
গ. মনঃ + যোগ ঘ. মনো + যোগ উ: গ

২৪৪. 'মনোরম' শব্দের সন্ধি বিচ্ছেদ কোনটি?
ক. মনোঃ + রম খ. মনো + রম
গ. মন + রম ঘ. মনঃ + রম উ: ঘ

২৪৫. 'যশোলাভ' এর সন্ধি বিচ্ছেদ–
ক. যশঃ + লাভ খ. যশ + লাভ
গ. যশো + লাভ ঘ. যশ + অ + লাভ উ: ক

২৪৬. সন্ধির নিয়মে কোনটি ঠিক?
ক. শির + ছদ= শিরচ্ছেদ
খ. শিরঃ + ছেদ = শিরচ্ছেদ
গ. শিরো + ছেদ = শিরোচ্ছেদ
ঘ. শিরঃ + ছেদ = শিরশ্ছেদ উ: ঘ

২৪৭. কোন শব্দটি বিসর্গযুক্ত ই-ধ্বনি সন্ধির ফলে মূর্ধন্য-ষ হয়েছে?
ক. পুষ্কক খ. পরিষ্কার
গ. পুষ্ট ঘ. বর্ষীয়সী উ: খ

২৪৮. 'শুদ্ধোদন' শব্দের সন্ধি বিচ্ছেদ–
ক. শুদ্ধ + উদন খ. শুদ্ধ + ঊদন
গ. শুদ্ধ + ওদন ঘ. শুদ্ + উদন উ: গ

২৪৯. কোনটি নিয়মানুসারে সিদ্ধ হয় না?
ক. গায়ক খ. শুদ্ধোদন
গ. পশ্চধম ঘ. নত্যম্বু উ: খ

২৫০. কোনটি নিপাতনে সিদ্ধ সন্ধি নয়?
ক. মস্যাধার খ. অন্যান্য
গ. মার্তণ্ড ঘ. কুলটা উ: ক

২৫১. কোনটি শুদ্ধ বানান?
ক. নুনতম খ. ন্যুনতম
গ. ন্যূনতম ঘ. নূন্যতম উ: গ

২৫২. কোনটি শুদ্ধ বানান?
ক. প্রণয়িনী খ. প্রনয়িনী
গ. প্রণয়িনি ঘ. প্রনয়ীনী উ: ক

২৫৩. কোনটি শুদ্ধ বানান?
ক. প্রতিদ্বন্দী খ. পতিদনিদ্ব
গ. প্রতিদ্বন্দ্বী ঘ. প্রতিদন্দী উ: গ

২৫৪. নিচের কোন বানানটি শুদ্ধ?
ক. বাল্মিকী খ. বাল্মিকী
গ. বাল্মীকি ঘ. বাল্মীকী উ: গ

২৫৫. কোন বানানটি শুদ্ধ?
ক. মরিচিকা খ. মরিচীকা
গ. মরীচিকা ঘ. মরীচীকা উ: গ

২৫৬. শুদ্ধ বানান কোনটি?
ক. মুহুর্ত খ. মুহূর্ত
গ. মূহুর্ত ঘ. মুহূর্ত উ: খ

২৫৭. নিচের কোন বানানটি শুদ্ধ?
ক. মুমর্ষ খ. মূমুর্ষু
গ. মুমূর্ষু ঘ. মুমুষ উ: গ

২৫৮. কোনটি শুদ্ধ বানান?
ক. স্বায়ত্তশাসন খ. স্বায়ত্তসাশণ
গ. স্বায়ত্তশাসণ ঘ. স্বায়ত্তশাসন উ: ঘ

২৫৯. কোন বানানটি শুদ্ধ?
ক. স্বায়ত্ব খ. স্বায়ত্ব
গ. স্বায়ত্ত ঘ. সায়ত্ব উ: গ

২৬০. কোনটি শুদ্ধ বানান?
ক. সান্তনা খ. শান্তনা
গ. সান্ত্বনা ঘ. শান্ত্বনা উ: গ

২৬১. কোন বানানটি শুদ্ধ?
ক. সুচিস্মিতা খ. সূচিস্মীতা
গ. সূচীস্মিতা ঘ. শুচিস্মিতা উ: ঘ

২৬২. কোনটি শুদ্ধ বানান?
ক. সমীচীন খ. সমীচিন
গ. সমিচীন ঘ. সমিচিন উ: ক

২৬৩. কোন বানানটি শুদ্ধ?
ক. প্রতিযোগিতা খ. সহযোগীতা
গ. বৈশিষ্ট্যতা ঘ. শ্রদ্ধাঞ্জলী উ: ক

২৬৪. নিচের কোন বানানটি শুদ্ধ?
ক. শ্রদ্ধঞ্জলি খ. শ্রদ্ধাঞ্জলি
গ. শ্রদ্ধাঞ্জলী ঘ. শ্রদ্ধেয়াঞ্জলী উ: খ

২৬৫. শুদ্ধ বানান কোনটি?
ক. দুরবস্থা খ. দুরবস্তা
গ. দুরাবস্থা ঘ. দুরাবস্তা উ: ক

২৬৬. 'উৎকর্ষতা' কী কারণে অশুদ্ধ?
ক. সন্ধিজনিত খ. প্রত্যয়জনিত
গ. উপসর্গজনিত ঘ. বিভক্তিজনিত উ: খ

২৬৭. প্রত্যয়গতভাবে শুদ্ধ কোনটি?
ক. উৎকর্ষতা খ. উৎকর্ষ
গ. উৎকৃষ্ট ঘ. উৎকৃষ্টতা উ: খ

২৬৮. কোন বানানটি শুদ্ধ?
ক. অধীণ খ. অধীন
গ. অধিন ঘ. অধিণ উ: খ

২৬৯. কোনটি শুদ্ধ বানান?
ক. উৎশৃঙ্খল খ. উৎশৃংঙ্খল
গ. উচ্ছৃঙ্খল ঘ. উচ্ছৃংঙ্খল উ: গ

২৭০. কোনটি শুদ্ধ বানান?
ক. জাজ্জ্বল্যমান খ. জাজ্জল্যমান
গ. জাজ্বল্যমাণ ঘ. জাজ্বল্যমান উ: ঘ

২৭১. কোন বানানগুচ্ছ শুদ্ধ?
ক. অত্যাধিক, ব্যাতিক্রম খ. সখ্যতা, মৌন
গ. নাবণ্য, পন্য ঘ. ঘনিষ্ঠ, তিরস্কার উ: ঘ

২৭২. নিচের কোন বানানটি শুদ্ধ?
ক. শসাংক খ. শসাঙ্ক
গ. শশাঙ্ক ঘ. শষাঙ্ক উ: গ

২৭৩. নিচের কোন বানানটি শুদ্ধ?
ক. ক্ষুৎপীড়িত খ. ক্ষুৎপিড়িত
গ. ক্ষুতপীড়িত ঘ. ক্ষুৎপিড়ীত উ: ক

২৭৪. কোন বানানটি শুদ্ধ?
ক. পিপিলিকা খ. পিপীলিকা
গ. পীলিলিকা ঘ. পিপিলীকা উ: খ

২৭৫. শুদ্ধ বানানে লিখিত শব্দগুচ্ছ দেখান?
ক. সমিচিন, হরিতকি, বাল্মিকী
খ. সমীচিন, হরিতকি, বাল্মিকি
গ. সমীচীন, হরীতকী, বাল্মীকি
ঘ. সমিচীন, হরীতকি, বাল্মিকি উ: গ

২৭৬. কোন শব্দটি শুদ্ধ বানানে লিখিত?
ক. শরৎচন্দ্র খ. বন্দোপাধ্যায়
গ. দূর্যোগ ঘ. সান্ত্বনা উ: ঘ

২৭৭. কোনটি শুদ্ধ?
ক. দারিদ্র খ. দারিদ্রতা
গ. দারিদ্র্য ঘ. দারিদ্য উ: গ

২৭৮. নিচের কোন শব্দটি শুদ্ধ?
ক. শ্রদ্ধাঞ্জলী খ. সামঞ্জস্যতা
গ. ইতোমধ্যে ঘ. সখ্যতা উ: গ

২৭৯. নিচের কোন শব্দটি শুদ্ধ?
ক. কৌতুহল খ. কৌতূহল
গ. কাংখিত ঘ. শ্রদ্ধাঞ্চলী উ: খ

২৮০. নিচের কোন শব্দটি শুদ্ধ?
ক. উৎকর্ষতা, আত্মসাৎ, আদ্র
খ. অভ্যন্তরীণ, আয়ত্বধীন, অতীন্দ্রিয়
গ. কৌতূহল, কৃচ্ছ্রসাধন, ক্বচিৎ
ঘ. অনুষঙ্গ, অঙ্গীভূত, অলজ্মনীয় উ: গ

২৮১. **নিচের কোন বানানটি শুদ্ধ?**
ক. শিরচ্ছেদ খ. পিপিলিকা
গ. আদ্যন্ত ঘ. জগত উ: গ

২৮২. **বিশুদ্ধ বানান কোনটি?**
ক. অভিশাপ খ. অভীশাপ
গ. অভিসাপ ঘ. অভিষাপ উ: ক

২৮৩. **নিচের কোন শব্দটি শুদ্ধ?**
ক. বীকেন্দ্রিকরণ খ. বিকেন্দ্রিকরণ
গ. বিকেন্দ্রীকরণ ঘ. বীকেন্দ্রীকরণ উ: গ

২৮৪. **কোন বানানটি শুদ্ধ?**
ক. কনীনিকা খ. কনিনীকা
গ. কর্ণিনিকা ঘ. কনিনিকা উ: ক

২৮৫. **শুদ্ধ বানান গুচ্ছ নির্ণয় করুন–**
ক. শষ্য, ভুবন, শ্রদ্ধাঞ্জলি খ. সমীচীন, সুষ্ঠ, সাক্ষরতা
গ. আকাঙ্ক্ষা, গ্রামীণ, দারিদ্র্য ঘ. মুখস্থ, মন্ত্রীসভা, ব্রাক্ষন উ: গ

২৮৬. **শুদ্ধ বানান কোনটি?**
ক. দীনতা খ. দৈনতা
গ. দীন্যতা ঘ. দিনতা উ: ক

২৮৭. **কোন শব্দটি ভুল?**
ক. মরূদ্যান খ. কটুক্তি
গ. পরিপক্ক ঘ. অঞ্জলি উ: গ

২৮৮. **কোন বানানটি ভুল?**
ক. উনিশ খ. দ্বন্দ্ব
গ. অধ্যায়ন ঘ. সহযোগিতা উ: ক,গ

২৮৯. **কোনটি সঠিক বানান?**
ক. পুঙ্খানুপুঙ্খ খ. পুঙ্খানুপূঙ্খ
গ. পুঙ্খনূপুঙ্খ ঘ. পুঙ্খনাপুঙ্খ উ: ক

২৯০. **কোন বানানটি শুদ্ধ?**
ক. অত্যধিক খ. অত্যাধিক
গ. অত্তাধিক ঘ. অত্বাধিক উ: ক

২৯১. **কোন বানানটি শুদ্ধ?**
ক. যালাময়ি খ. জালাময়ী
গ. জ্বালাময়ি ঘ. জ্বালাময়ী উ: ঘ

২৯২. **কোনটি শুদ্ধ বানান?**
ক. প্রজ্বলিত খ. বৈশিষ্ট্যতা
গ. প্রবাহমাণ ঘ. ভূমধ্যাধিকারী উ: ক

২৯৩. **কোনটি শুদ্ধ বানান?**
ক. ঘূর্নায়মান খ. ঘুর্ণায়মান
গ. ঘূর্ণায়মান ঘ. ঘুর্নায়মান উ: গ

২৯৪. **নিচের কোন বানানটি শুদ্ধ?**
ক. সত্ত্ব খ. সত্তা
গ. সত্ত্বা ঘ. মহাত্ব উ: খ

২৯৫. **নিচের কোন শব্দটি শুদ্ধ?**
ক. অন্তস্থল খ. অন্তঃস্থল
গ. অন্তস্তল ঘ. অন্ততল উ: গ

২৯৬. **কোন শব্দটির প্রয়োগ শুদ্ধ?**
ক. লক্ষ্যণীয় খ. উপলক্ষ্য
গ. সৌন্দর্যতা ঘ. সুবুদ্ধিমান উ: খ

২৯৭. **কোন বানানটি শুদ্ধ?**
ক. মুমুক্ষু খ. মুমূক্ষু
গ. মূমূক্ষূ ঘ. মূমুক্ষূ উ: ক

২৯৮. **কোন বানানটি সঠিক?**
ক. বাল্মিকী খ. বাল্মিকি
